১৬ পাতার সংখ্যা
দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 37 ■ Issue No. 25 ■ 22nd June 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

DR. K.R. ADHIKARY
COLLEGE OF OPTOMETRY & PARAMEDICAL TECHNOLOGY
Affiliated to UNIVERSITY OF KALYANI
Pioneer in Paramedical Education since 2003
Student Credit Card Facility
DIPLOMA COURSES (2 Years)
● DOS & OT ● DMLT ● DMRT ● DPT ● DDT & OH ● DECG & PFT ● DPA & ED ● DDT ● DCCT ● ADCLP ● DOTT ● DAT
Eligibility : HS (10+2) or equivalent
Kalyani WEBEL I.T Park, Phase-II
Website: www.kradhikarycollege.org | 9339218894 / 9477425536 / 8100149510

## রেলে ১,১০৪ অ্যাপ্রেন্টিস

**মাধ্যমিক ও আই.টি.আই থেকে পাশ**

**নিজস্ব সংবাদদাতা, গোরখপুর :** উত্তর-পূর্ব রেলের বিভিন্ন ডিভিশনে 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ১,১০৪ জন লোক নেওয়া হচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার, পেইন্টার, মেশিনিস্ট, টার্নার। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন।

ওপরের ওইসব ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ১২-৬-২০২৪'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের।

☞ এরপর ১৪ পাতায়

ICE Academy
WBCS, WB-PSC
SSC, Rail, Bank
General Combined
নতুন ব্যাচ : 23 ও 30 জুন
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
8597355667

## কোস্ট গার্ডে ৩২০ নাবিক

**উচ্চমাধ্যমিক ও ডিপ্লোমা ছেলেদের**

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** ভারতীয় উপকূলরক্ষী বাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড) 'নাবিক ডোমেস্টিক ব্রাঞ্চ', 'নাবিক (জেনারেল ডিউটি)' ও 'যান্ত্রিক' পদে ৩২০ জন লোক নিচ্ছে। এই পদের ব্যাচ নং : 01/2025.

কারা কোন পদের জন্য যোগ্য :

নাবিক (জেনারেল ডিউটি) : অঙ্ক ও ফিজিক্স বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২২বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৩-২০০৩ থেকে ২৮-২-২০০৭'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯। চশমা থাকলে যোগ্য নন। বেসিক পে : ২১,৭০০ টাকা।

শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, নেপালী ও অসমীয়া হলে ১৫২) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বুকের ছাতি (অন্তত ৫ সেমি প্রসারণক্ষম) ও স্বাভাবিক ওজন থাকতে হবে। স্বাভাবিক শ্রবণ শক্তি ও দু'পাটি অক্ষত দাঁত থাকা দরকার। রোগমুক্ত শরীর, শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। এছাড়াও রেশন ভাতা,

☞ এরপর ৪ পাতায়

### সঞ্জয় গান্ধী পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসে

## ৩৬৭ রিসেপশনিস্ট, স্টেনো ও নার্স

**নিজস্ব সংবাদদাতা :** সঞ্জয় গান্ধী পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস 'রিসেপশনিস্ট', 'স্টেনোগ্রাফার', 'নার্সিং অফিসার' ও 'টেকনিশিয়ান' পদে ৩৬৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

**রিসেপশনিস্ট (বিজ্ঞপ্তি নং I/48/5/Rectt/2023-24)** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা জার্নালিজম বা, পাব্লিক রিলেশন্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। পাব্লিক রিলেশন্স, পাবলিকেশন, প্রিন্টিং বা, পাবলিশিংয়ের কাজে অভিজ্ঞতা থাকলে কিংবা কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে ভালো হয়। শূন্যপদ : ১৯টি

☞ এরপর ৮ পাতায়

## সেবিতে ৯৭ অফিসার

**নিজস্ব সংবাদদাতা :** সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া 'অফিসার গ্রেড-এ (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার)' পদে ৯৭ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব শাখায় : জেনারেল, লিগ্যাল, ইনফর্মেশন

☞ এরপর ৮ পাতায়

### কটন কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডে

## ২১১ অ্যাসিস্ট্যান্ট, ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** দ্য কটন কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড ম্যানেজমেন্ট ট্রেনি, জুনিয়র কমার্শিয়াল এক্সিকিউটিভ, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (জেনারেল), জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (অ্যাকাউন্টস) পদে ২১১ জন্য লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

ম্যানেজমেন্ট ট্রেনি (মার্কেটিং) : অ্যাগ্রি বিজনেস ম্যানেজমেন্ট বা, অ্যাগ্রিকালচার রিলেটেড এম.বি.এ. কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩০,০০০-১,২০,০০০ টাকা। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২,

☞ এরপর ২ পাতায়

## প্রতিরক্ষা কারখানায় ১৪০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন চন্দা অর্ডন্যান্স ফ্যাক্টরি 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' ও 'টেকনিশিয়ান ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' হিসাবে ১৪০ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা

☞ এরপর ১৬ পাতায়

## কম পুঁজিতে ঘরে বসে চক তৈরি

ব্যবসা

### কম পুঁজিতে নানা ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু

চক বিভিন্ন কাজে ব্যবহার করা হয়। শহর হোক বা গ্রামে স্কুলের ব্ল্যাকবোর্ডে লেখার জন্য এটা অপরিহার্য। চক বিভিন্ন আকার আর রঙের (সাদা, লাল, সবুজ, গোলাপী, হলুদ) পাওয়া যায়। কাপড়, আসবাবপত্র, প্লাইউড, টাইলস চিহ্নিতকরণ আর টেক্সটাইল শিল্পেও ব্যবহৃত হয়।



ছুতোর, দর্জি, নির্মাণশ্রমিক, আসবাবপত্র প্রস্তুতকারক, সার্ভেয়াররাও খড়ি ব্যবহার করেন।

বাড়িতে আলপনা

☞ এরপর ৬ পাতায়

গতবারের মতো এবারেও
কমন
পেতে হলে কিনুন
রাজ্য পুলিশের
Constable
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ৫০০/- টাকা ৩০০/- টাকা
সাফল্য
সাফল্য

### উজ্জ্বল ভবিষ্যৎ গড়ার দিশা দেখাতে

## ১৯ ও ২০ জুন বহরমপুরে কর্মসংস্থান কেরিয়ার ফেয়ার

**নিজস্ব প্রতিনিধি, বহরমপুর :** এবছর যাঁরা মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পরীক্ষা পাশ করলেন, তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে উজ্জ্বল ভবিষ্যৎ গড়া যাবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো কেরিয়ার গড়া যায়। আর সারা দেশে চাকরির প্রেক্ষাপট কেমন বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে, আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার গাইডেন্স পেতে **কর্মসংস্থান** ও Appointment & Career News-এর

☞ এরপর ৪ পাতায়

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের দেশ ও বিদেশে চাকরীর সুযোগ
THE INSTITUTE OF EDUCATION & MANAGEMENT
TIEM®
Course Approved by Govt. of India
Reg. with MSME Govt. of India ● Recognition By HRAEI
Hotel & Hospitality Management
Placement & Education Excellence Award

কোর্স করলেই দেশ বিদেশে চাকরি
দরিদ্র ছাত্র-ছাত্রীদের কোর্স করার সুযোগ
কোর্স করতে করতে 8000/- থেকে 12000/- টাকা Income এর সুযোগ
Bank Loan-এর ব্যবস্থা
Fully AC, wi-fi Campus
Free Books & Uniform
Concession for SC / ST / OBC / Girls
100% Job

Kolkata Campus 6, Seal's Garden Lane, Kolkata- 700 002 (Near-Dumdum)
Contact : 9002469602 / 8697588002

# Join BNG

## Hotel Management Institute, Kolkata

*World's Most Popular and Job Oriented Course*

## HOTEL, HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES

| Program Duration | Total FEE | Fee Payable after Scholarship |
|---|---|---|
| 3 years | ~~1,90,000/-~~ | 1,40,000/-* |
| 2 years | ~~90,000/-~~ | 70,000/- |
| 1 year | ~~50,000/-~~ | 35,000/- |
| 6 months | ~~25,000/-~~ | 23,000/- |

**Residential Campus** - Hostel for boys & girls, Canteen Facility, Well Equipped Labs, Modern Infrastructure, Sports, Cricket, Football, Indoor Games, Game Zone, etc




100% PLACEMENT ASSURED

আসন সীমিত
যোগাযোগ করুন :
9830796307
9674062259

ট্রেনিং এবং প্লেসমেন্ট সহায়তা
দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি।

*One Time Payment

Scan this QR Code for Admission

INSTANT LOAN* available, No Guarantor required. NO COST EMI

Bring this Cutout to avail Scholarship
Code : #KABNG2024

Our Recruiters .....

Hilton, Fairfield by Marriott, Hyatt, Marriott, South Seas Island Resort, Hard Rock, The Oberoi Group, Leonia, ibis, starwood Hotels and Resorts, The Leela, aloft, Radisson, Maritim, Shangri-La, Holiday Inn, Landmark Hotel, Four Points by Sheraton, Pride Plaza, Alila, Taj, Golden Tulip, InterContinental, The Lalit, Fairmont, Radisson, park inn, Le Royal Meridien, Effotel, Princess Cruises, ITC Hotels, Rotana, Grand Mercure, Best Western, lemon tree hotels, Jupiter, The Fern Hotels & Resorts, Pride Plaza, Sonotel, The Peerless Inn, Fortune, Sodexo, Emirates, Trident, Norwegian Cruise Line, Ramada

Follow us @ YouTube

BNG
HOTEL MANAGEMENT INSTITUTE
The Power House of Hospitality

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।

W: www.bngkolkata.com | E: admin@bngkolkata.com | P: +91 98307 96307 | Toll Free No.: 1800 891 1508

# কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ডাঃ কে. আর. অধিকারী কলেজে বিভিন্ন প্যারামেডিকেল কোর্সে ভরতি চলছে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** ডাক্তারিশাস্ত্র ঠিকমত চালাতে হলে প্রচুর সাহায্যকারী হাত লাগে। এই সাহায্যকারী হাতটা ঠিক কি? কেমন? সেটা সম্পর্কে আমাদের অনেকেরই সেরকম কোনো ধারণা নেই। এদের বলা হয় Paramedics এবং Allied Health Professionals; শুধু আমাদের দেশেই নয়, বিদেশেও এদের চাহিদা প্রচুর।

২০০৩ সালে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের affiliation নিয়ে পশ্চিমবঙ্গের প্রথম প্যারামেডিকেল কলেজ ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপটোমেট্রি এন্ড প্যারামেডিকেল টেকনোলজি (www.kradhikarycollege.org) পথ চলা শুরু করে। এই ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপটোমেট্রি এন্ড প্যারামেডিকেল টেকনোলজি কলেজ-ই পশ্চিমবঙ্গে প্রথম কোন বিশ্ববিদ্যালয় স্বীকৃত প্যারামেডিকেল এবং অ্যালায়েড হেলথ সায়েন্সেস কলেজ। এখান থেকে উত্তীর্ণ ছাত্রছাত্রীরা West Bengal Allied Medical and Paramedical Council-এ নাম নথিভুক্ত করতে পারে এবং নিজ নিজ ক্ষেত্রে কাজ করার জন্য সরকার থেকে রেজিস্ট্রেশন নম্বর পায়। এই কলেজ থেকে উত্তীর্ণ ছাত্রছাত্রীরা বিভিন্ন কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং বিভিন্ন health care industry-তে এবং প্রত্যেকে স্ব স্ব ক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত। এর মধ্যে উল্লেখযোগ্য সংস্থাগুলি হল কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি বিভাগ, কল্যাণী এইমস (AIIMS), পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীন কল্যাণীর জে.এন.এম. মেডিকেল কলেজ, কলকাতার এন.আর.এস. মেডিকেল কলেজ, উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ইত্যাদি, এছাড়া বেসরকারি হাসপাতালগুলির মধ্যে অ্যাপোলো হাসপাতাল, রুবি জেনারেল হাসপাতাল, বেলভিউ ক্লিনিক, জেনিথ সুপার স্পেশালিটি হাসপাতাল, টেকনোগ্লোবাল হাসপাতাল, গ্যালাক্সি হাসপাতাল, বি.এম.আর.সি., চার্ণক হাসপাতাল, দিশা আই হাসপাতাল, রোটারী হুগলী আই হাসপাতাল, লেন্সকার্ট, টাইটান আই প্লাস, ডাঃ লাল প্যাথল্যাব, সুশ্রুত আই হাসপাতাল ইত্যাদি।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের কোর্সসমূহের বিবরণ নিম্নে দেওয়া হল :

(1) Diploma in Optometrical Science and Ophthalmic Technique, (2) Diploma in Medical Laboratory Technique, (3) Diploma in Medical Radiology Technique, (4) Diploma in Physiotherapy Technique, (5) Diploma in Operation Theatre Technology, (6) Diploma in Critical Care Technology, (7) Diploma in Dialysis Technology, (8) Diploma in Physician Assistant And Essential Drug, (9) Diploma in Electrocardiogtaphy and Pulmonary Function Test, (10) Diploma in Dental Technology and Oral Hygiene.

২ বছর + ৬ মাস ইনটার্নশিপ মেয়াদের এই কোর্সগুলি বিজ্ঞানবিভাগে উচ্চমাধ্যমিক (১০+২) পাশ করা ছাত্রছাত্রীরা ভর্তির জন্য বিবেচিত। যারা কলা (Arts) বা বাণিজ্য (Commerce) বিভাগে উচ্চমাধ্যমিক (H.S.) (১০ + ২) পাশ করবে তারাও এই কোর্সগুলি করতে পারবে এক বছরের একটি ব্রীজ কোর্স (ফিজিক্স, কেমিষ্ট্রি, বায়োলজি) করার মাধ্যমে। এই ব্রীজ কোর্সের Marksheet এবং Certificate-ও কল্যাণী বিশ্ববিদ্যালয় দেবে।

A.D.C.L.P. (Advance Diploma in Contact Lens Practice) এই কোর্সটির মেয়াদ ১ বছর। যারা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অপটোমেট্রি ডিপ্লোমা বা ডিগ্রি কোর্স পাশ করেছেন তারা এই কোর্সটি করার জন্য বিবেচিত।

যেসকল ছাত্রছাত্রীরা B.Sc. পাশ করেছেন অথবা প্যারামেডিকেল ও অ্যালায়েড হেল্‌থ সায়েন্সেস এর ওপর ব্যাচেলর ডিগ্রি করেছেন তাদের জন্য কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পি.জি. ডিপ্লোমা কোর্স করারও সুযোগ রয়েছে নিম্নলিখিত বিষয়গুলির ওপর :

(1) Post-Graduate Diploma in Medical Laboratory Technology, (2) Post-Graduate Diploma in Medical Radiology Technology, (3) Post-Graduate Diploma in Operation Theatre Technology, (4) Post-Graduate Diploma in Dialysis Technology, (5) Post-Graduate Diploma in Critical Care Technology, (6) Post-Graduate Diploma in Geriatric Care Technology, (7) Post-Graduate Diploma in Hospital Administration.

এছাড়াও মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীরা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ১ বছর + ৬ মাস ইন্টার্নশিপ মেয়াদের নিম্নলিখিত সার্টিফিকেট কোর্সগুলিও করতে পারেন

(1) Certificate in Community Medical Service and Essential Drug, (2) Certificate in Basic Practical Nursing, (3) Certificate in Sanitary Inspection.

এইসকল কোর্সগুলি পাশ করার পর ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালগুলিতে ইনটার্নশিপ করার সুযোগ পায়। এর মধ্যে উল্লেখযোগ্য কলকাতার আর.জি.কর. মেডিকেল কলেজ, এন.আর.এস. মেডিকেল কলেজ, কলকাতা মেডিকেল কলেজ, শম্ভুনাথ পন্ডিত হাসপাতাল, সাগরদত্ত মেডিকেল কলেজ, বিদ্যাসাগর স্টেট জেনারেল হাসপাতাল, বারাসাত মেডিকেল কলেজ, মেদিনীপুর মেডিকেল কলেজ, বর্ধমান মেডিকেল কলেজ, উত্তরবঙ্গ মেডিকেল কলেজ, মুর্শিদাবাদ মেডিকেল কলেজ, জে.এন.এম. মেডিকেল কলেজ, ব্যারাকপুর বি.এন.বোস. এস.ডি. হাসপাতাল, বাঁকুড়া মেডিকেল কলেজ ইত্যাদি।

যেসকল ছাত্রছাত্রীরা এই কোর্সগুলি করতে চান তারা কে.আর. অধিকারী কলেজের কল্যাণী ক্যাম্পাসে যোগাযোগ করতে প্যারেন নীচের ঠিকানায়: ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপটোমেট্রি এন্ড প্যারামেডিকেল টেকনোলজি, কল্যাণী ওয়েবেল আই.টি. পার্ক (ফেজ-২), পশ্চিমবঙ্গ সরকার, কল্যাণী, নদিয়া (কল্যাণী বুদ্ধপার্ক এবং এস.পি. কার্যালয়ের নিকট), ৭৪১২৩৫। মোবাইল : 9339218894, 9477425536, 8100149510.

## কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

উদ্যোগে ১৯ ও ২০ জুন বুধ ও বৃহস্পতিবার মুর্শিদাবাদ জেলার বহরমপুর স্টেশনের কাছে শিল্পতালুকে 'দ্য ফেম' হোটেলে হচ্ছে 'কেরিয়ার ফেয়ার'। উপস্থাপনায় সুখবর।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন —এইসব নানান জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে দেশের ও রাজ্যের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আইটিআই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যানিমেশন, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ার। কোনো এন্ট্রি ফী নেই। উপরন্তু থাকছে ফ্রি টিফিন। এছাড়াও থাকছে বিভিন্ন প্রতিষ্ঠানের 'এডুকেশন কীট'। এই কেরিয়ার ফেয়ারে যোগ দিতে চাইলে এখনই ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

**কেরিয়ার ফেয়ার প্রাঙ্গণে এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান থাকছে :** (১) প্রগতি (টাইটেল স্পন্সর্ড), (২) কল্যাণী রিলায়েবল (কো-স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (৩) চিৎকারা ইউনিভার্সিটি, চন্ডীগড়, (৪) জে.আই.এস গ্রুপ, (৫) রাইস এডুকেশন, (৬) সিকিম মণিপাল ইনস্টিটিউট অফ টেকনোলজি, (৭) কোশিস গ্রুপ, বেঙ্গালুরু, (৮) ক্যামেলিয়া গ্রুপ, (৯) ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট স্টাডিজ, (১০) ম্যাজিক্যাল স্টুডিও, (১১) হলদিয়া ইনস্টিটিউট অফ হেল্‌থ সায়েন্স, (১২) শ্রীদেবী গ্রুপ অফ ইনস্টিটিউশন, ম্যাঙ্গালোর, (১৩) বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, (১৪) প্যারামেডিক্যাল কলেজ, দুর্গাপুর, (১৫) VLCC স্কুল অফ বিউটি, (১৬) মোনার্ক কলেজ অফ আর্ট অ্যান্ড এডুকেশন, (১৭) সুপ্রিজো ইনস্টিটিউট অফ প্যারামেডিক্যাল অ্যান্ড অ্যাগ্রিকালচারাল সায়েন্স, (১৮) ওয়ে টু অ্যাডমিশন (১৯) মোপেল ইনস্টিটিউট অফ অ্যানিমেশন অ্যান্ড ডিজাইন, (২০) ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, (২১) বিকেয়ার পলিটেকনিক, (২২) কাফে ইনস্টিটিউশন, (২৩) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড রিসার্চ, (২৪) অ্যাঞ্জেল ডে স্কুল অফ নার্সিং, (২৫) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হিউম্যান এক্সেলেন্স, (২৬) জয় নার্সিং অ্যান্ড ওয়েলফেয়ার, (২৭) শ্রী ভবানি গ্রুপ অফ ইনস্টিটিউশন, বেঙ্গালুরু, (২৮) ইনফিনিটি গ্রুপ, (২৯) ডব্লু.বি.ডি.ই.এস গ্রুপ অফ কলেজেস, (৩০) কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কোলাঘাট, (৩১) দ্য ইনস্টিটিউট অফ এডুকেশন ম্যানেজমেন্ট, (৩২) আই.আই.এইচ.সি.এম, (৩৩) তাহেরপুর কবিতা কুটির, (৩৪) আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (৩৫) অ্যাম্বিশন এডুকেয়ার, (৩৬) অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন, (৩৭) ডঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপ্টোমেট্রি অ্যান্ড প্যারামেডিক্যাল টেকনোলজি, (৩৮) এ.বি.সি. অ্যাকাডেমি, (৩৯) জেটউইংস বিজনেস স্কুল, গুয়াহাটি, অসম, (৪০) স্টেট ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট ক্যাটেরিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশন, ত্রিপুরা, (৪১) সিকম স্কিল ইউনিভার্সিটি, (৪২) নিউমারোউনো রিপিও।

এছাড়াও কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে।

## কোস্ট গার্ডে ৩২০ নাবিক

১ পাতার পর

পোশাক ভাতা, ডাক্তারি খরচ, সরকারি আবাসে পরিবার-সহ থাকার সুযোগ, যাতায়াত ভাড়ায় ছাড়, ১০ লাখ টাকা পর্যন্ত গ্রুপ বিমা, পেনশন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ক্যান্টিন, ঋণ ইত্যাদির সুযোগ পাবেন। ট্রেনিং হবে ওড়িশার আই.এন.এস. চিল্কায়। ট্রেনিং চলার সময় যাবতীয় খরচ সরকার বহন করবে। শূন্যপদ : ২৬০টি। এর মধ্যে উত্তরাঞ্চলে ৭৭টি (জেনাঃ ৩০, ই.ডব্লু.এস. ৮, ও.বি.সি. ২৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১২)। পশ্চিমাঞ্চলে ৬৬টি (জেনাঃ ২৬, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ২১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১০)। উত্তর-পূর্বাঞ্চলে ৬৮টি (জেনাঃ ২৭, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ২১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১০)। পূর্বাঞ্চলে ৩৪টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ১১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৬)। উত্তর-পশ্চিমাঞ্চল ১২টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২)। আন্দামান ও নিকোবর ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

যান্ত্রিক : মাধ্যমিক পাশ ছেলেরা এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত সংস্থা থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন (রেডিও / পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৩-২০০৩ থেকে ২৮-২-২০০৭-এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর আর তপশিলী প্রার্থীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, নেপালী ও অসমীয়া হলে ১৫২) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বুকের ছাতি (অন্তত ৫ সেমি প্রসারণক্ষম) ও সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দু'চোখে ৬/২৪, যা চশমা -সহ ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১২। স্বাভাবিক শ্রবণশক্তি ও দু'পাটি অক্ষত দাঁত থাকা দরকার। রোগমুক্ত শরীর, শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। বেসিক পে : ২৯,২০০ টাকা। এছাড়াও রেশন ভাতা, পোশাক ভাতা, ডাক্তারি খরচ, সরকারি আবাসে পরিবার-সহ থাকার সুযোগ, যাতায়াত ভাড়ায় ছাড়, ১০ লাখ টাকা গ্রুপ বিমা, পেনশন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ক্যান্টিন, ঋণ ইত্যাদির সুযোগ পাবেন। ট্রেনিং হবে ওড়িশার আই.এন.এস. চিল্কায়। ট্রেনিং চলাকালীন যাবতীয় খরচ সরকার বহন করবে। এই পদ থেকে 'প্রধান সহায়ক ইঞ্জিনিয়ার' পদ পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন বেসিক পে: ৪৭,৬০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যালে ৩৩টি (জেনাঃ ১৬, ও.বি.সি. ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৬)। ইলেক্ট্রিক্যাল ১৮টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৪, তঃজাঃ ৩)। ইলেক্ট্রনিক্স ৯টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ১)।

প্রার্থী বাছাই হবে ৩টি ধাপে। প্রথম ধাপের কম্পিউটার বেসড অনলাইন পরীক্ষা হবে আগস্টে। দ্বিতীয় ধাপের পরীক্ষা হবে সেপ্টেম্বরে। তৃতীয় ধাপের পরীক্ষা হবে আগামী বছর নভেম্বর-ডিসেম্বর মাসে।

নাবিক (জেনারেল ডিউটি) পদের বেলায় প্রথম পার্টের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : অঙ্ক-২০টি, বিজ্ঞান ১০টি, ইংরিজি ১৫টি, রিজনিং ১০টি, জি.কে. ৫টি। সময় ৪৫ মিনিট।

যান্ত্রিক পদের বেলায় প্রথম পার্টের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৫০টি, ইলেক্ট্রনিক্স ৫০টি, মেকানিক্যাল ৫০টি। সময় ৩০ মিনিট।

সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড়, ২০ বার ওঠ-বোস আর ১০ বার পুশ-আপ। সব বিষয়ে সফল হলে ইন্টারভিউ। শারীরিক সক্ষমতার পরীক্ষা ও সব শেষে ডাক্তারি পরীক্ষা হবে ওড়িশার আই.এন.এস. চিল্কায়। সব ধাপের ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ওয়েবসাইট থেকে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindiancoastguard.cdac.in এজন্য প্রথমে পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ৪০ কেবির মধ্যে), সিগনেচার (১০ থেকে ৩০ কেবির মধ্যে), বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে 'I Agree'তে ক্লিক করে Online Application'এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৩০০ (তপশিলীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

## ৬০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, আবাদি :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন হেভি ভেহিক্যাল ফ্যাক্টরি 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ১৬১ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, মেশিনিস্ট, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক, ফিটার, মেশিনিস্ট, পেইন্টার, ওয়েল্ডার। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

নন-আই.টি.আই. : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। স্টাইপেন্ড প্রথম বছর ৫,০০০ / ৬,০০০ টাকা, দ্বিতীয় বছর ৫,৫০০ /৬,৬০০ টাকা। শূন্যপদ : ফিটার ৩২টি (জেনাঃ ১৬, ও.বি.সি. ৯, তঃজাঃ ৭)। মেশিনিস্ট ৩৬টি (জেনাঃ ১৮, ও.বি.সি. ১০, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১)। ওয়েল্ডার ২৪টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৭, তঃজাঃ ৫)।

আই.টি.আই. : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, মেশিনিস্ট, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক, ফিটার, মেশিনিস্ট, পেইন্টার, ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্সে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। স্টাইপেন্ড প্রথম বছর ৭,৭০০ টাকা, দ্বিতীয় বছর ৮,০৫০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিশিয়ান ৩৮টি (জেনাঃ ২০, ও.বি.সি. ১২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রনিক্স মেকানিক ১০টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৩)। ফিটার ৪৫টি (জেনাঃ ২৪, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৮)। মেশিনিস্ট ৪৩টি (জেনাঃ ২৩, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১)। পেইন্টার ৫টি (ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। পেইন্টার ৫টি (ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। ওয়েল্ডার ২০টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ২, তঃজাঃ ৫)।

বয়স হতে হবে ২২-৬-২০২৪'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। এই পদের বিজ্ঞপ্তি নং : 24-01/HVFTS/59th TA/ 2024, Date : 08-06-2024.

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.avnl.co.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন '59th Batch Trade Apprentices'. দরখাস্ত পৌঁছনো চাই ২২ জুনের মধ্যে। এই ঠিকানায় : The Chief General Manager, Heavy Vehicles Factory, Avadi, Chennai-600054, Tamilnadu.

# রাজ্য সরকারের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে তপশিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের JEE / WB JEE / NEET-এর কোচিং

## ৩০০ টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে

পশ্চিমবঙ্গ সরকার অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের যোগাশ্রী প্রকল্পে বিনামূল্যে JEE / WB JEE / NEET-2005-এর কোচিং করানো হচ্ছে। বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক পাঠরত ছাত্রছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে মাধ্যমিক বা, সমতুল পরীক্ষায় তপশিলী জাতিদের ক্ষেত্রে ৬০% ও উপজাতি বা আদিবাসীদের ক্ষেত্রে ৫০% নম্বর থাকতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩,০০,০০০/- টাকার মধ্যে। প্রতিটি ছাত্রছাত্রীকে মাসিক ৩০০ টাকা স্টাইপেন্ড দেওয়া হবে। আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www. anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৫ জুন। এছাড়াও অনলাইনে আবেদন করতে পারেন এই ওয়েবসাইটে : www.wbdcdev.gov.in প্রকল্প রূপায়ণে আছে 'এন.সি.এস.এম'। জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্রগুলি হল : (১) উত্তর ২৪ পরগনা — বাগদা (হেলেঞ্চা হাই স্কুল, ফোন :৯০৬২৫০৮০২০), বারাসাত (নোয়াপাড়া রাসবিহারী ইনস্টিটিউশন ফর গার্লস, ফোন : ৭৯৮০৪৯১২১৩), ব্যারাকপুর (নৈহাটী নরেন্দ্র বিদ্যানিকেতন, ফোন : ৮৯১০১৯৪৮০২), বসিরহাট (ভ্যাবলা তন্ত্র স্যার আর. এন. মুখার্জী হাই স্কুল, ফোন : ৯৫৪৭৬৯৩৩৬৫)। (২) দক্ষিণ ২৪ পরগনা — বারুইপুর (মদারাট পপুলার অ্যাকাডেমি, ফোন : ৯৬৭৪৪৬১২০৯), ডায়মন্ডহারবার (ভারত সেবাশ্রম সংঘ প্রণব বিদ্যাপীঠ এইচ.এস, ফোন : ৯৬১৪৪৫৯২৩৯), ক্যানিং (ডেভিড শাসন হাই স্কুল, ফোন : ৯৭৩২৫১৪১৬০), নামখানা (নামখানা ইউনিয়ন হাই স্কুল, ফোন : ৮৭৭৭৫০১৮৬৫),। (৩) বাঁকুড়া — বাঁকুড়া টাউন (বাঁকুড়া গার্লস হাই স্কুল, ফোন : ৮৪৩৬৯০৯৮২৭), খাতড়া (খাতড়া গার্লস হাই স্কুল, ফোন : ৯৯৩২৪৪১০৪৪), বিষ্ণুপুর (বিষ্ণুপুর হাই স্কুল, ফোন : ৯০৬৪৯৮৩২৬৭),। (৪) হাওড়া — বাগনান (বাগনান গার্লস হাই স্কুল, ফোন : ৮৬৯৭৮০৩৫২০)। (৫) ঝাড়গ্রাম — ঝাড়গ্রাম (ঝাড়গ্রাম কুমুদকুমারী ইনস্টিটিউশন, ফোন : ৯৬৩৫২৩৮৭৩০। (৬) পশ্চিম বর্ধমান — দুর্গাপুর টাউন (দুর্গাপুর তারকনাথ হাই স্কুল, ফোন : ৯০৭৬৯০৩৪৯৬)। (৭) পূর্ব বর্ধমান — অম্বিকা কালনা (কালনা মহারাজা হাই স্কুল, ফোন ৬২৯৫৩৩৩৬৯৮), ইস্ট বর্ধমান (কৃষ্ণপুর হাই স্কুল, ফোন : ৮৯১৮৯৪৩২৩৪), কাটোয়া (কাটোয়া কাশিরাম দাস ইনস্টিটিউশন, ফোন : ৭৬০২৭০৭০৭০)। (৮) পশ্চিম মেদিনীপুর — মেদিনীপুর টাউন (কেরানিতলা শ্রী শ্রী মোহনানন্দ বিদ্যামন্দির, ফোন : ৯৮৩২১২৫০৮৭)। খড়গপুর (খড়গপুর ট্র্যাফিক হাই স্কুল, ফোন : ৬২৯৫৯৯৭০৮৩), সবং (সবং সারদাময়ী হাই স্কুল, ফোন : ৯৭৩২২০৮১২৫)। (৯) পূর্ব মেদিনীপুর — কন্টাই (কন্টাই কিশোরনগর শচীন্দ্র শিক্ষা সদন, ফোন : ৮২৫০৬৩৩৭৯৯)। (১০) পুরুলিয়া — মানবাজার (মানবাজার রাধামাধব ইনস্টিটিউশন, ফোন : ৯০৬৪৯১৬১১২। পুরুলিয়া টাউন (চিত্তরঞ্জন বয়েজ স্কুল, ফোন : ৭৬০১৮০৩৮৭৩)। (১১) আলিপুরদুয়ার — আলিপুরদুয়ার (আলিপুরদুয়ার হাই স্কুল, ফোন : ৮৯০৬২০৯৮৪৫। মাদারিহাট (মাদারিহাট হাই স্কুল, ফোন : ৯৪৩৪১৭৯৬৬৯)। (১২) বীরভূম — সিউড়ি (বীরভূম জেলা হাই স্কুল, ফোন : ৯৮০০১৮৯২৬৫), রামপুরহাট (রামপুরহাট জে. এল. বিদ্যাভবন, ফোন : ৯০৬৪৫১১৩১৬)। (১৩) কোচবিহার — কোচবিহার টাউন (জেনকিন্স স্কুল, ফোন : ৮৬৯৭৬৫৬৬৫৫), দিনহাটা (দিনহাটা সোনি দেবী জৈন হাই স্কুল, ফোন : ৮৩৭০৮৪০২৫৬), মাথাভাঙা ( মাথাভাঙা হাই স্কুল, ফোন : ৯৭৭৫১৪১২২২) । (১৪) উত্তর দিনাজপুর — রায়গঞ্জ (সুদর্শনপুর দ্বারিকাপ্রসাদ উচ্চ বিদ্যাচক্র, ফোন : ৮৪৩৬৫১০০০৬), ইসলামপুর (ইসলামপুর হাই স্কুল, বয়েজ, ফোন : ৮৫৩৫৮২৫৩৭৯)। (১৫) দক্ষিণ দিনাজপুর — বালুরঘাট টাউন (বালুরঘাট হাই স্কুল, ফোন : ৯৯৩২৯২৩৫৩৪)। (১৬) দার্জিলিং — শিলিগুড়ি টাউন (শিলিগুড়ি বয়েজ হাই স্কুল, ফোন : ৮৯১৮৬৩৯৭৪২)। দার্জিলিং টাউন (মাইনোরিটি মিটিং হল, অফিস অফ দ্য ডি.এম, ফোন : ৯৬০৯৭০০৪২২)। (১৭) জলপাইগুড়ি — জলপাইগুড়ি টাউন (জলপাইগুড়ি হায়ার সেকেন্ডারি স্কুল, ফোন : ৮৩৯১৯৩৫৭১১)। মালবাজার (মালবাজার আদর্শ বিদ্যাপীঠ, ফোন : ৯৮৩২০৮৬৭৪১), ধুবগুড়ি ( বৈরাটীগুড়ি হাই স্কুল, ফোন : ৮৪৩৬৮১৩৫৮৮)। (১৮) কালিম্পং — কালিম্পং (জুবিলি স্কুল, ফোন : ৮০০১৩৭৭২৪৯)। (১৯) মালদা — মালদা টাউন (মালদা বিভূতিভূষণ হাই স্কুল, ফোন : ৭৭৯৭৯১৯৫৮০)। চাঁচল (চাঁচল সিদ্ধেশ্বরী ইনস্টিটিউশন, ফোন : ৯৬৭৯৬৪১৮৪৬)। (২০) নদিয়া — কৃষ্ণনগর (কৃষ্ণনগর এ.ভি হাই স্কুল, ফোন : ৯৬১৪৮৯৪০৯১)। কল্যাণী (ইউনিভার্সিটি এক্সপেরিমেন্টাল হাই স্কুল, ফোন : ৯৯০৩৭৪০০৭৫), রানাঘাট (রানাঘাট দেবনাথ গার্লস হাই স্কুল, ফোন : ৭০২৯৩২১৩০২)। (২১) মুর্শিদাবাদ — জঙ্গিপুর (জঙ্গিপুর হাই স্কুল, ফোন : ৯০০২৪১৫১৭১), বহরমপুর (গোরাবাজার ঈশ্বরচন্দ্র ইনস্টিটিউশন, ফোন : ৯৪৩৩৫৫৫৯৯৯)। (২২) কলকাতা — কলকাতা (যোধপুর পার্ক বয়েজ হাই স্কুল, ফোন : ৬২৯১৬৯১৫৬৩)। (২৩) হুগলি — আরামবাগ (সাব-ডিভিশনাল লাইব্রেরি, ফোন : ৮৫০৯৭৪৯১২৩), ব্যান্ডেল (ব্যান্ডেল বিদ্যামন্দির, ফোন : ৯০৯৩২৫৪১০১), তারকেশ্বর (তারকেশ্বর গার্লস প্রাইমারি স্কুল, ফোন : ৯৭৩২৬২৮৭৩৯)।


**প্রগতি ITI-এ ভর্তি বহরমপুর ও কৃষ্ণনগরে**

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৪ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

**স্বল্প ব্যয়ে সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং**

কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা প্যারামেডিক্সের বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এক্সেল মেডিস্কিল হেল্থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য : **(1) Emergency Medical Technician, (2) GDA Advance (Asst. Nursing), (3) E.C.G Technician, (4) Physical Rehabilitation Therapy with Yoga, (5) Hospital Front Desk Co-ordinator, (6) Dietetic Aide (Diet Assistant)**।

আজ থেকে আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন :

কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। সোদপুর : 9073943491/9073943497, মৌলালী : 9874747039/9830008223, বেলঘরিয়া : 9073901228 ব্যারাকপুর : 9874644116, বাঘাযতীন : 9874644112, বারুইপুর : 8697777794, হাওড়া : 9051013504, খড়গপুর : 9073915861, বনগাঁও : 9874673000, কোন্নগর : 7603095066, দুর্গাপুর : 9874747031, রায়গঞ্জ : 9874747033, মালদা : 9051013501, বালুরঘাট : 9874747032, শিলিগুড়ি : 9051013502, জলপাইগুড়ি : 9874644115, কোচবিহার : 9874644114। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফি সকলের সাধ্যের মধ্যে। Advt

Join **BNG**

Hotel Management Institute, Kolkata

*World's Most Popular and Job Oriented Course*




**HOTEL, HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES**

| Program Duration | Total FEE | Fee Payable after Scholarship |
| --- | --- | --- |
| 1 Year Learn & Earn From Day 1 | ~~1,00,000/-~~ | 30,000/- |

INSTANT LOAN available, No Guarantor required EMI

Bring this Cutout to avail Scholarship Code : #KSRBNG2024

9674062259
9830796307

BNG Hotel Management Institute

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।
W : www.bngkolkata.com | E : admin@bngkolkata.com | P : +91 98307 96307 | Toll Free No. : 1800 891 1508

# GENEX SUPTENNDU GROUP

**ট্রেনিং শেষে হাসপাতালে বা Health Sector-এ চাকরি সুনিশ্চিত করতে চান ?**

ADMISSION GOING ON

**আগ্রহী ছাত্রছাত্রীরা সত্বর যোগাযোগ করুন : শেষ সুযোগ !!**

মাত্র 3.5 লাখ টাকায় ছেলেদের নার্সিং পড়ার সুযোগ
**GNM (Male)**
LAKSHMI NURSING INSTITUTE
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C

মাত্র 2.5 লাখ টাকায় মেয়েদের নার্সিং পড়ার সুযোগ
**GNM (Female)**
BASUDEB NURSING ACADEMY
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C

মাত্র 1.2 লাখ টাকায় ফার্মেসি পড়ার সুযোগ
**D.PHARMA**
SUPTENDU PHARMACY INSTITUTE
Affiliated by WBSCTVE & SD Approved by PCI

শেষ সুযোগ শেষ সুযোগ শেষ সুযোগ
**D.El.Ed.** মাত্র 40 হাজার টাকায়
2024-26 Session-এ D.El.Ed.-এ ভর্তির শেষ সুযোগ
Suptendu Memorial D.Ed. College
Affiliated by WBBPE & Recognised by NCTE

Address: Sugandha, Hooghly-712102 (5 minutes from Chinsurah Station)
9748305453, 8335083933, 8100613849, 8335063512

ব্যবসা

# কম পুঁজিতে ঘরে বসে চক তৈরি

১ পাতার পর



সুকৃৎ বসু

দেওয়ার কাজে ও ছোটোরা খেলার জন্য বা ছবি আঁকার জন্যও চক ব্যবহার করে।

খড়ির দাম কম হওয়ায় অনেক উন্নয়নশীল দেশেই শিক্ষার জন্য এটি ব্যবহার করা হয়। তাই সারা বছরই চকের চাহিদা থাকে।

কম পুঁজিতে এটি এক লাভজনক ব্যবসা, যা সহজেই ঘরে বসে শুরু করা যেতে পারে।

**কী কী কাঁচামাল দরকার :**

(১) প্লাস্টার অফ প্যারিস (POP) : এটি স্কুলের চক উৎপাদনের জন্য প্রয়োজনীয় প্রধান কাঁচামাল।

(২) ক্যালসিয়াম কার্বনেট : এটি ফিলার হিসাবে চক উৎপাদনে ব্যবহৃত হয়। এটি চককে ধুলোহীন করে তোলে।

(৩) জল : প্লাস্টার অফ প্যারিস আর ক্যালসিয়াম কার্বনেট মেশানোর জন্য জল ব্যবহার করা হয়।

(৪) এছাড়া বিভিন্ন ধরনের রঙ ব্যবহার করা হয়।

**প্যাকেজিং সামগ্রী :** চকের প্যাকেট করার জন্য আপনার ব্র্যান্ডেড কটন আর নাইলন ব্যাগ লাগে।

**চক তৈরির মেশিন কীভাবে ব্যবহার করবেন :** চক তৈরির জন্য অ্যালুমিনিয়াম ও গান মেটাল — এই ২ ধরনের ছাঁচ পাওয়া যায়। প্রথমে ছাঁচটির পুরোটা খুলে নিতে হবে। এরপর ব্রাশে করে যেকোনো তেল নিয়ে ছাঁচের প্রতিটি অংশে লাগিয়ে দিতে হবে। তারপর ছাঁচের প্রতিটি অংশ আবার আগের মতো জুড়ে দিতে হবে। এবার উন্নত মানের প্লাস্টার অব প্যারিস নির্দিষ্ট পরিমাণে নিয়ে তা জল দিয়ে কাদা কাদা করে মেখে ডাইসের মধ্যে দিতে হবে। প্রতি কেজি প্লাস্টার অফ প্যারিসের সঙ্গে ১ চামচ হোয়াইট সিমেন্ট মিশিয়ে দিলে চকের ভঙ্গুরতা কমে। এর কিছুক্ষণ পর প্লাস্টার অফ প্যারিস অর্ধেক শুকিয়ে গিয়ে চকের আকৃতি নেবে। তারপর স্ক্রু খুলে ছাঁচটি উলটো করে সব চক বের করে রোদে শুকিয়ে নিতে হবে।

রঙিন চক তৈরি করতে হলে প্লাস্টার অফ প্যারিসের সঙ্গে পছন্দমতো রঙ মিশিয়ে নেবেন।

সবশেষে চক তৈরি হয়ে গেলে বাক্সে ভরে বাজারে বিক্রি করবেন।

**চক তৈরির মেশিনের দাম কত :** অ্যালুমিনিয়াম অথবা গানমেটালের ২ ধরনের ছাঁচের ২ রকম দাম। এইসঙ্গে কতগুলো চক তৈরি করা যাবে তার ওপরও নির্ভর করে দাম।

অ্যালুমিনিয়ামের ১০০টি চক তৈরির ছাঁচের দাম ১৫০০ টাকা। ২০০টি চক তৈরির ছাঁচের দাম ৩০০০ টাকা। গান মেটালের ২০০টি চক তৈরির ছাঁচের দাম ২২ হাজার টাকা।

**চক তৈরির মেশিন কোথায় কিনতে পাবেন :** চক তৈরির মেশিন কিনতে পাবেন নীচের ঠিকানায় : Bharat Machine Tool Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata- 700013. এছাড়াও অ্যামাজন ওয়েবসাইট থেকেও অনেক ভালো মানের মেশিন কিনতে পাবেন।

## কীটনাশক চক তৈরির ব্যবসা

স্কুল-কলেজের ব্ল্যাকবোর্ডের চক ছাড়াও কীটনাশক চক তৈরি করেও প্রচুর লাভ করতে পারেন।

**কাঁচামাল লাগে :**

(১) প্লাস্টার অফ প্যারিস - ৮০০ গ্রাম + হোয়াইট সিমেন্ট ১০০ গ্রাম

(২) গ্যামাক্সিন পাউডার - ১০ গ্রাম

(৩) জল - পরিমাণ মতো

(৪) প্যাকেট / বাক্স

**মেশিন লাগে :**

ডাইস (ছাঁচ)

সাধারণভাবে তৈরির খরচ প্যাকেট প্রতি ২ টাকা। কিন্তু বিক্রি করতে পারবেন অনায়াসে প্যাকেট প্রতি ১০ টাকা দামে।

ফলে কীটনাশক চক (যেমন Laxman Rekha) তৈরি করার ব্যবসায় প্রচুর লাভ থাকে। অল্প পুঁজিতেই শুরু করা সম্ভব এই ব্যবসা।

**একটি ভালো চকের বৈশিষ্ট্য কী কী :**

সাবলীল ও স্পষ্ট লেখা।

মাঝারি কঠোরতা।

কম ধুলো।

পাউডার হিসাবে না ছড়িয়ে মুছে ফেলার ক্ষমতা।

**এই ব্যবসায় কী কী লাইসেন্স লাগে :**

- এম.এস.এম.ইর উদ্যম রেজিস্ট্রেশন আর ট্রেড লাইসেন্স।
- জিএসটি রেজিস্ট্রেশন আর ট্রেড মার্ক রেজিস্ট্রেশন।
- বড়ো আকারের উৎপাদন ইউনিট তৈরি করলে কারখানার লাইসেন্স আর এনওসি।
- স্থানীয় কর্তৃপক্ষের অনুমতি।
- আপনাকে SSI Unit হিসাবে ফার্ম সেট করার প্রয়োজন হতে পারে।

**জায়গা কীরকম দরকার :** প্রায় ২০০ স্কোয়ার ফিট থেকে ৫০০ স্কোয়ার ফিট।

কারখানা গড়তে হবে টার্গেট মার্কেটের কাছাকাছি। যেমন — স্কুল আর কলেজ।

**অটোমেটিক / সেমি-অটোমেটিক মেশিন :** বাজারে বিভিন্ন উৎপাদন ক্ষমতা সম্পন্ন অটোমেটিক বা সেমি-অটোমেটিক মেশিনও পাওয়া যায়। সেগুলি বিভিন্ন দামের হয়। ৬৫,০০০ টাকা থেকে ২ লাখ টাকা দামের। 144 Pieces/Hr, 18 Kg/Hr ইত্যাদি।

indiamart.com-এ প্রচুর মেশিনের খোঁজ পাওয়া যাবে।

**চক ক্ষতিকর কেন :** চকের ধুলোয় ক্যালসিয়াম কার্বনেট আর ক্যালসিয়াম সালফেট থাকায় চোখে জ্বালা, ত্বকে জ্বালা, শ্বাসনালীর জ্বালা ইত্যাদি হয়।

**উপসংহার :** সাধারণ ব্ল্যাকবোর্ডের চক বা রঙিন চক অথবা কীটনাশক চক তৈরি করে ব্যবসা অত্যন্ত লাভজনক সন্দেহ নেই। আর প্রথমে মাত্র ১০,০০০ টাকায় এই ব্যবসা শুরু করা সম্ভব। লাভ বাড়ার সঙ্গে-সঙ্গে অটোমেটিক বা সেমি-অটোমেটিক মেশিনে উৎপাদন বাড়িয়ে লাভও বাড়ানো সম্ভব।

এই ব্যবসায় শিক্ষাগত যোগ্যতার বিশেষ কোনো দরকার না থাকলেও নিদেনপক্ষে যেকোনো বিষয়ে গ্র্যাজুয়েট হওয়া দরকার।

# পঞ্চায়েতে নিয়োগ — সাফল্যের চাবিকাঠি

পূর্ব ঘোষণানুযায়ী রাজ্য সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরে ৬,৬৫২টি পদে নিয়োগের রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন। এখন যেকোন দিন থেকে শুরু হয়ে যাবে অনলাইন ফর্ম ফিল আপ পর্ব। শুধু ফর্ম ভরা নয়, বসতে হবে পরীক্ষাতেও। লক্ষ লক্ষ পরীক্ষার্থীর সঙ্গে লড়াই করে ছিনিয়ে আনতে হবে সাফল্যকেও। কীভাবে সাফল্য করায়ত্ব করা সম্ভব? — এ ব্যাপারে সুলুক-সন্ধান করলেন অভিজ্ঞ শিক্ষক তথা ক্যাসেস এডুকেশন, কলকাতার অ্যাকাডেমিক হেড টি. কে. মিত্র।

প্রথমেই বলব, এই পরীক্ষার সিলেবাস মোটের উপর সংক্ষিপ্ত। মোট নম্বর ও তার বিষয়ভিত্তিক বিভাজনও কম। সর্বোপরি বয়সের ঊর্ধ্বসীমাও বেশি। তাই একে পাখির চোখ করে এগোলে সাফল্য দূর অস্ত নয়।

(১) **ইংরেজি :** বরাদ্দ মাত্র ২৫ নম্বর। এই ভাষার দুই অলঙ্কার গ্রামার ও ভোকাবুলারি, এই উভয় বিষয়ের উপরেই জোর দিতে হবে। গ্রামারপার্টে ফুল মার্কস তুলতেই হবে। আর নতুন নতুন শব্দ যোগ করে শব্দের ভাণ্ডারকে আরো সমৃদ্ধ করতে হবে। একটি ইংরাজি সংবাদপত্র খুঁটিয়ে পড়ে তার নির্যাস সংগ্রহে রাখতে হবে। 'সিনট্যাক্স' ও 'ইউসেজ'-এর সূক্ষ্মাতিসূক্ষ্ম নিয়মগুলিকে আরো সুদৃঢ়ভাবে করায়ত্ব করতে হবে।

(২) **বাংলা :** বরাদ্দ মাত্র ২৫ নম্বর। নিজেদের মাতৃভাষা বলে পরীক্ষার্থীরা এই পেপারটিকে সিরিয়াসলি নেয় না। অনেকটা 'জলবৎ তরলং' বা 'স্টেজে মেরে দেব' — এরকম একটা ভাবভঙ্গিমা লক্ষ্য করা যায়। কিন্তু এই পত্রটিতেও যথেষ্ট গুরুত্ব দিয়ে প্রস্তুতি নিতে হবে। সিলেবাস মোটামুটি ব্যাকরণভিত্তিক হলেও, ডেসক্রিপটিভ টাইপের প্রশ্ন যে থাকবে না — সে গ্যারান্টি কোথায়? তাই ব্যাকরণ চর্চা ও বর্ণনামূলক লিখনশৈলীর অনুশীলন যুগপৎ চালাতে হবে। সুন্দর হস্তাক্ষর ও গুরুচণ্ডালী দোষ বর্জিত লেখা নম্বরে বাড়তি বোনাস এনে দিতে পারে। নিরন্তর মৌলিক লেখার অনুশীলন চালিয়ে যেতে হবে।

(৩) **পাটিগণিত :** বরাদ্দ নম্বর ২৫। ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত সকল প্রকারের পাটিগণিত যথোপযুক্ত গুরুত্ব সহকারে অনুশীলন করতে হবে। নাম্বার সিস্টেম থেকে শুরু করে ব্রড টাইপের প্রতিটি চ্যাপ্টার একাধিক বার অনুশীলন করতে হবে। সঙ্গে পরিমিতি ও বীজগণিতটাও একটু দেখে যেতে হবে। প্রয়োজনীয় ফর্মুলাগুলিকেও নখদর্পণে রাখতে হবে। অঙ্ক মুখস্থ নয়, কনসেপশন ক্লিয়ার করতে হবে। প্রয়োজনে শর্টকাট মেথডের সাহায্য নিতে হবে। অবিরাম অনুশীলনে শৈথিল্য, যেন বাধা না হয়ে না দাঁড়াতে পারে।

(৪) **সাধারণ জ্ঞান :** বরাদ্দ নম্বর ১০। জোর দিতে হবে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, মহিলা ও শিশুবিকাশ, গ্রামীণ অর্থনীতি ও পরিবেশ, পঞ্চবার্ষিকী পরিকল্পনা, কেন্দ্র ও রাজ্য সরকারের নানাবিধ জনকল্যাণমূলক প্রকল্প, সমবায় সমিতি, মহিলা স্বনিযুক্তি গোষ্ঠী ও ঋণদান, মিড্ ডে মিল কর্মসূচী, স্বাক্ষরতা মিশন, কারেন্ট অ্যাফেয়ার্স প্রভৃতি বিষয়ের ওপর। বেসিক জি.কে থেকে প্রশ্ন না আসার সম্ভাবনাই বেশি।

(৫) **কম্পিউটার টেস্ট ও ভাইবা :** বরাদ্দ নম্বর যথাক্রমে ৫ ও ১০। লিখিত পরীক্ষায় কোয়ালিফাই করবার পরে এবিষয় দুটি নিয়ে সিরিয়াসলি পড়াশোনা করতে হবে।

যাঁরা WBCS, ক্লার্কশিপ, মিসলেনিয়াস, ICDS প্রভৃতি পরীক্ষার প্রস্তুতি নিচ্ছেন, তাঁদের এই পরীক্ষায় সাফল্যলাভের সম্ভাবনা অত্যন্ত উজ্জ্বল। এবিষয়ে বিস্তারিত জানতে ও সাফল্যপোযোগী টিপ্স পেতে সরাসরি যোগাযোগ করুন : CACES Education, Sealdah, Kol-9, WA : **9123325910**

কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই

## চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে, সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।

# পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে কীভাবে ক্যাশিয়ার পদে চাকরি পেলাম



**পরিমল পাল**
ক্যাশিয়ার
মাথাভাঙ্গা শাখা
কোচবিহার

ব্যাঙ্কের চাকরির পরীক্ষায় সাফল্যের জন্য মেধার থেকে বেশি দরকার নির্ভুল চটপট উত্তর লেখার দক্ষতা আর ইংরিজি ও অঙ্ক বিষয়ে স্বচ্ছ ধারণা। ধারাবাহিক অনুশীলন আর অধ্যবসায়ের মাধ্যমে লেখার দক্ষতা অর্জন করা যায়। নিজের অভিজ্ঞতায় এটা বুঝেছি।

কোচবিহারের মাথাভাঙ্গার এক মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা ছিলেন শিক্ষক। ফলে, সরকারি চাকরি ছাড়া বিকল্প কোনো পেশার কথা কোনোদিন ভাবিনি। মাথাভাঙ্গা হাই স্কুল থেকে ২০০১ সালে মাধ্যমিক আর ২০০৩ সালে উচ্চমাধ্যমিক পাশ করি। ২০০৪ সালে 'কর্মসংস্থান' পত্রিকা পড়ে ভারতীয় সেনাবাহিনীর বিজ্ঞপ্তি দেখে টেলিকম টেকনিক্যাল পদে দরখাস্ত করি। বাবার আপত্তি ছিল কিন্তু আমার এক বন্ধু ওই পদে চাকরি পাওয়ায় বাড়ির কথা না শুনে পরীক্ষায় বসি। লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা আর সবশেষে ডাক্তারি পরীক্ষায় নির্বাচিত হই। ট্রেনিং হয় গোয়ায়। এরপর পোস্টিং হয় পঞ্জাবের ভাতিন্ডায়। অন্য রাজ্যে পোস্টিং ছিল বলে চাকরি করার পর হাতে অনেক সময় পাই। সেই সুযোগে ইন্দিরা গান্ধী মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি কোর্স আর ইংরিজি বিষয়ে মাস্টার ডিগ্রি করি। চাকরি জীবনে আমার নানা জায়গায় পোস্টিং হয় : শ্রীনগর, ঝাঁসি, ভূজ, শিলিগুড়ির সুকনা আর কলকাতার ফোর্ট উইলিয়ামে। এরপর আর ভালো লাগে না, বাড়ি ফেরার জন্য মন কেমন করে। চাকরি থেকে স্বেচ্ছায় অবসর নিই। বাড়ি ফিরে আসি। ২০১৯ সাল থেকে ফের নতুন জীবন শুরু করি। নতুন করে সরকারি চাকরির জন্য ঝাঁপাই। সেনাবাহিনীর প্রাক্তন কর্মী বলে সরকারি চাকরিতে একটা 'কোটা' রয়েছে। আমার লক্ষ্য ছিল কেন্দ্রীয় সরকারের চাকরি। কারণ মাইনে আর সুযোগ সুবিধা বেশি। ২০১৯ থেকে ২০২০ সালে কমপক্ষে ৯ থেকে ১০টি সরকারি চাকরির পরীক্ষায় বসি। তারমধ্যে সাফল্য পেয়েছি স্টাফ সিলেকশন (কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল), পাবলিক সার্ভিস কমিশন (ক্লার্কশিপ), আর আর এনটিপিসি পরীক্ষায়। ২০২০ সালে আইবিপিএস-এর পরীক্ষায় বসি। । আইবিপিএস-এর পরীক্ষা হয় ২টি পর্যায়ে। প্রথমে নেওয়া হয় প্রিলিমিনারি পরীক্ষা। ১০০ নম্বরের এই পরীক্ষায় ছিল : ইংলিশ, ম্যাথমেটিক্স ও জেনারেল ইন্টেলিজেন্স। প্রশ্ন ছিল অবজেক্টিভ মাল্টিপল চয়েজের। প্রিলিমিনারিতে কোয়ালিফাই করার পর নেওয়া হয় মেইন পরীক্ষা। ২০০ নম্বরের এই পরীক্ষায় ছিল এই সব বিষয় : জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স, ইংলিশ ও ম্যাথমেটিক্স। তুলনামূলকভাবে প্রশ্ন ছিল কঠিন ও বুদ্ধিদীপ্ত।

প্রস্তুতির ক্ষেত্রে সবচেয়ে বেশি উপকৃত হয়েছি 'কর্মসংস্থান' পত্রিকা পড়ে। সরকারি চাকরির পরীক্ষার্থীদের কাছে অপরিহার্য এই পত্রিকা। এই পত্রিকায় বেরোনো সেটগুলো দেখে নিয়মিত অনুশীলন করে দারুণ ফল পাই। পাশাপাশি কৃতীদের সাক্ষাৎকার পড়ে অনুপ্রাণিত ও উৎসাহ পাই। এই পত্রিকা ছাড়াও দৈনিক সংবাদপত্র পড়ে জেনারেল নলেজ আর কারেন্ট অ্যাফেয়ার্স আলাদাভাবে খাতায় নোট করে রাখতাম। অনলাইনে মক টেস্ট-এ বসে নিজেকে তৈরি করি।

আইবিপিএস-এর প্রিলিমিনারি পরীক্ষা হয় ২০২০ সালের অক্টোবর মাসে আর মেইন পরীক্ষা হয় ডিসেম্বর মাসে। চূড়ান্ত ফল বেরোয় ২০২১ সালের এপ্রিল মাসে আর চাকরিতে যোগ দিই আগস্ট মাসে। পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের মাথাভাঙ্গা শাখায় সিঙ্গল উইন্ডো অপারেটর পদে।

## ৩৬৭ রিসেপশনিস্ট

১ পাতার পর

(জেনাঃ ৬, ও.বি.সি. ৭, তঃজাঃ ৬)।

**স্টেনোগ্রাফার (বিজ্ঞপ্তি নং I/48/4/Rectt/2023-24)** : ডিগ্রি কোর্স পাশরা ইংরিজি বা, হিন্দি শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৮০টি শব্দ তোলার গতি থাকলে আর কম্পিউটারে ইংরিজি বা, হিন্দি টাইপিংয়ে যথাক্রমে ৩০টি ও ২৫টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। কম্পিউটারে কাজ চালানোয় দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৭, তঃজাঃ ৫)।

**নার্সিং অফিসার (বিজ্ঞপ্তি নং I/48/6/Rectt/2023-24)** : নার্সিংয়ের বি.এসসি. অনার্স কোর্স কিংবা বি.এসসি. নার্সিং কোর্স পাশরা যোগ্য। পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। জি.এন.এম. কোর্স পাশরা নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসাবে নাম নথিভুক্ত থাকলে আর কোনো ৫০ শয্যার হাসপাতালে ২ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। শূন্যপদ : ২৬০টি (জেনাঃ ১১৯, ও.বি.সি. ৮, তঃজাঃ ১১৪, তঃউঃজাঃ ১৯)।

**টেকনিশিয়ান (ডায়ালিসিস) (বিজ্ঞপ্তি নং I/48/15/Rectt/2023-24)**: ডায়ালিসিস টেকনোলজির বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা ডায়ালিসিস টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ হলে আর ২ বছর কোনো হাসপাতালে কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ৩৭টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ১৩, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ১)।

**মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোজিস্ট (বিজ্ঞপ্তি নং I/48/9/Rectt/2023-24)** : মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, মেডিক্যাল ল্যাবরেটরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১০০ শয্যার হাসপাতালে ল্যাবরেটরি সংক্রান্ত কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ২৩টি (ও.বি.সি. ১২, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ২)।

**স্যানিটরি ইন্সপেক্টর গ্রেড-I (বিজ্ঞপ্তি নং I/48/17/Rectt/2023-24)** : মাধ্যমিক পাশরা স্যানিটরি ইন্সপেক্টর-এর সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। কোনো হাসপাতালে অন্তত ৭ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১)।

সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৪'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে 'কমন রিক্রুটমেন্ট টেস্ট'এর মাধ্যমে। ২ ঘন্টার ১০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর ৬০ নম্বর, জেনারেল ইংলিশ ১০ নম্বর আর জেনারেল নলেজ ১০ নম্বর, রিজনিং ১০ নম্বর, ম্যাথমেটিক্যাল অ্যাপ্টিটিউড ১০ নম্বর। সফল হলে স্কিল টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.sgpgims.org.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। দরখাস্ত করার শেষ তারিখ ওয়েবসাইটে পাবেন।

## সেবিতে ৯৭ অফিসার

১ পাতার পর

টেকনোলজি ও রিসার্চ। কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (জেনারেল)** : যে কোনো শাখার মাস্টার ডিগ্রি কিংবা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিং বা, আইনের ডিগ্রি কোর্স পাশরাও আবেদন করতে পারেন। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, চার্টার্ড ফিনান্সিয়াল অ্যানালিস্ট, কোম্পানি সেক্রেটারি কিংবা কস্ট অ্যাকাউন্ট্যান্ট কোর্স পাশরাও আবেদন করতে পারেন। শূন্যপদ : ৬২টি (জেনাঃ ৩৪, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৬)।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (লিগ্যাল)** : আইনের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইনফর্মেশন টেকনোলজি)** : ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন কিংবা ইনফর্মেশন টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ২৪টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২)।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (রিসার্চ)** : ইকনমিক্স, কমার্স, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, ইকনোমেট্রিক্স, কোয়ান্টিটেটিভ ইকনমিক্স, ফিনান্সিয়াল ইকনমিক্স, ম্যাথমেটিক্যাল ইকনমিক্স, বিজনেস ইকনমিক্স, অ্যাগ্রিকালচার ইকনমিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইকনমিক্স কিংবা বিজনেস অ্যানালিটিক্সের মাস্টার ডিগ্রি কিংবা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ)** : হিন্দি প্রধান বিষয় ও সংস্কৃত/ ইংরিজি/ ইকনমিক্স/ কমার্স বিষয় নিয়ে মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং-ইলেক্ট্রিক্যাল)** : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ৩১-৩-২০২৪'এর হিসাবে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৪-১৯৯৪ বা, তারপর। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। মূল মাইনে : ৪৪,৫০০-৮৯,১৫০ টাকা।

প্রার্থী বাছাই হবে দু'টি ফেজে। প্রথম ফেজের পরীক্ষা হবে অনলাইনে। পরীক্ষা হবে ২৭ জুলাই, কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, ধানবাদ, জামশেদপুর, রাঁচী, আগরতলা, গ্যাংটক। প্রথম ফেজে ২০০ নম্বরের দু'টি পেপার থাকবে। প্রথম পেপারে ১০০ নম্বরের মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গোয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, টেস্ট অফ রিজনিং। সময় থাকবে ৬০ মিনিট। দ্বিতীয় পেপারে ১০০ নম্বরের ৪০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন থাকবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর।

দ্বিতীয় ফেজের পরীক্ষা হবে ৩১ আগস্ট আর ১৪ সেপ্টেম্বর (ইনফর্মেশন টেকনোলজি শাখার বেলায়)। প্রথম পেপারে ১০০ নম্বরের ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে ইংরিজি ডেসক্রিপ্টিভ টাইপের টেস্ট আর দ্বিতীয় পেপারে — জেনারেল স্ট্রিমের বেলায় ১০০ নম্বরের ৯০ মিনিটের, লিগ্যাল স্ট্রিমের বেলায় ১০০ নম্বরের ১২০ মিনিটের, ইনফর্মেশন টেকনোলজি ও রিসার্চ স্ট্রিমের বেলায় ১০০ নম্বরের ২১০ মিনিটের, অফিসিয়াল ল্যাঙ্গোয়েজের বেলায় ১০০ নম্বরের ৯০ মিনিটের আর ইঞ্জিনিয়ারিং শাখার বেলায় ১০০ নম্বরের ৪০ মিনিটের পরীক্ষায় থাকবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর প্রশ্ন।

এম.সি.কিউ. টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে। দ্বিতীয় ফেজের পরীক্ষায় প্রথম পেপারে ৩০% ও দ্বিতীয় পেপারে ৪০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.sebi.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন।

এবারে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
CLERKSHIP
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ~~৫০০/- টাকা~~ ৩০০/- টাকা
সাফল্য সাফল্য

TAMRALIPTA INSTITUTE OF MANAGEMENT & TECHNOLOGY
TIMT TAMLUK
Approved by : AICTE
Affiliated to Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT), WB
Recognised by : UGC University Grants Commission
ADMISSION Going On ...
West Bengal Student Credit Card Scheme is Available
100% Placement Assistance
Job Oriented Courses :
★ BBA in Hospital Management
★ BCA ★ BBA
Eligibility - 10+2 (any stream)
★ M.Sc in Computer Science
Eligibility - BCA / B.Tech / Science Graduate
SPECIAL FEATURES
★ Campus under CC TV surveillance ★ Wi-Fi enabled campus. ★ No need to take private tuition ★ Free Spoken English Class ★ Bank loan facility. ★ Digital Computer Lab. with separate computer desk ★ Provides On-Campus & Off Campus Placement every year. ★ Concession facility of Bus & Railways. ★ Medical check-up facility on emergency. ★ Anti-Ragging Measures. ★ Indoor / outdoor games for boys and girls. ★ Hostel for boys and girls. ★ Scholarship for poor & meritorious students. ★ Kanyashree & All Govt. Scholarships are available ★ Continuous monitoring cell for all round development. ★ Yearly Educational Excursion ★ Canteen facility ★ Digital class room ★ Activity based learning ★ Awards for scholastic & non scholastic activities.
Highlight of Best Placements
BYJU'S IBM HCL Webel
9903100631, 8697511132, 03228-267937
E-mail- timt.institute@gmail.com Website- www.timt.org.in
Padumbasan, Tamluk, Purba Medinipur- 721636 (Near Tamralipta Public School)

## ২১১ অ্যাসিস্ট্যান্ট, ট্রেনি

২ পাতার পর

ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৬, তঃউঃজাঃ৬)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১২-৬-২০২৪'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। বিজ্ঞপ্তি নং : Advt. No. DR/CCI/2024, Dated: 12/06/2024.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে পূর্ব ভারতের কলকাতা, পটনায়। এই পরীক্ষায় ১২০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে। জুনিয়র কমার্শিয়াল এক্সিকিউটিভ, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (জেনারেল), ম্যানেজমেন্ট ট্রেনি (মার্কেটিং) পদের বেলায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইংলিশ -১০টি, রিজনিং - ১০টি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ১০টি, জেনারেল নলেজ-১০টি, ল্যাঙ্গোয়েজ প্রফিসিয়েন্সি ২০টি ও বিষয়ভিত্তিক প্রশ্ন ৬০টি।

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (অ্যাকাউন্টস) ও ম্যানেজমেন্ট ট্রেনি (অ্যাকাউন্টস) পদের বেলায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইংলিশ - ১৫টি, রিজনিং - ১৫টি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ১৫টি, জেনারেল নলেজ-১৫টি ও বিষয়ভিত্তিক প্রশ্ন ৬০টি। সময় থাকবে ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.cotcorp.org.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,৫০০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাঃসঃকঃ হলে ৫০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

# পশ্চিমবঙ্গ সরকার
## অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ

## রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে JEE / WBJEE / NEET - 2025 এর প্রশিক্ষণ

দ্বাদশ শ্রেণী (Class XII) বিজ্ঞান বিভাগে পাঠরত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

1. মাধ্যমিক / সমতুল পরীক্ষায় অন্তত 60% (SC) / 50% (ST) নম্বর প্রয়োজন। 2. পরিবারের বার্ষিক আয় অনুর্দ্ধ : 3,00,000/- ।

**300 টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে।**

**জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র**

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Bagdah | Helencha High School | 9062508020 |
| 2 | 24 Parganas (North) | Barasat | Noapara Rashbihari Institution For Girls | 7980491213 |
| 3 | 24 Parganas (North) | Barrackpore | Naihati Narendra Vidyaniketan | 8910194802 |
| 4 | 24 Parganas (North) | Bashirhat | Bhabla Tantra Sir R.N Mukherjee High School | 9547693365 |
| 5 | 24 Parganas (South) | Baruipur | Madarat Popular Academy | 9674461209 |
| 6 | 24 Parganas (South) | Diamond Harbour | Bharat Sevashram Sangha Pranab Vidyapith HS | 9614459239 |
| 7 | 24 Parganas (South) | Canning | David Sassoon High School | 9732514160 |
| 8 | 24 Parganas (South) | Namkhana | Namkhana Union High School (HS) | 8777501865 |
| 9 | Bankura | Bankura Town | Bankura Girl's High School | 8436909827 |
| 10 | Bankura | Khatra | Khatra Girl's High School | 9932441044 |
| 11 | Bankura | Bishnupur | Bishnupur High School | 9064983267 |
| 12 | Howrah | Bagnan | Bagnan Girl's High School | 8697803520 |
| 13 | Jhargram | Jhargram | Jhargram Kumud Kumari Institution | 9635238730 |
| 14 | Paschim Bardhaman | Durgapur Town | Durgapur TarakNath High School | 9076903496 |
| 15 | Purba Bardhaman | Ambika Kalna | Kalna Maharaja High School | 6295333698 |
| 16 | Purba Bardhaman | East Burdwan | Krishnapur High School | 8918943234 |
| 17 | Purba Bardhaman | Katwa | Katwa Kashiram Das Institution | 7602707070 |
| 18 | Pashchim Medinipur | Medinipore Town | Keranitola Shree Shree Mohanananda Vidyamandir | 9832125087 |
| 19 | Pashchim Medinipur | Kharagpur | Kharagpur Traffic High School | 6295997083 |
| 20 | Paschim Medinipur | Sabang | Sabang Saradamoyee High School | 9732208125 |
| 21 | Purba Medinipur | Contai | Contai Kishorenagar Sachindra Siksha Sadan | 8250633799 |
| 22 | Purulia | Manbazar | Manbazar Radhamadhab Institution | 9064916112 |
| 23 | Purulia | Purulia Town | Chittaranjan Boy's School | 7601803873 |
| 24 | Alipurduar | Alipurduar | Alipurduar High School | 8906209845 |
| 25 | Alipurduar | Madarihat | Madarihat High School | 9434179669 |
| 26 | Birbhum | Suri | Birbhum Zilla High School | 9800189265 |
| 27 | Birbhum | Rampurhat | Rampurhat J L vidyabhaban | 9064511316 |
| 28 | Coochbehar | Coochbehar Town | Jenkins School | 8597656655 |
| 29 | Cooch Behar | Dinhata | Dinhata Soni Devi Jain High School | 8370840256 |
| 30 | Cooch Behar | Mathabhanga | Mathabhanga High School | 9775141222 |
| 31 | Uttar Dinajpur | Raiganj | Sudarsanpur Dwarika Prasad Uchcha Vidyachakra | 8436510006 |
| 32 | Uttar Dinajpur | Islampur | Islampur High School (Boy's) | 8535825379 |
| 33 | Dakshin Dinajpur | Balurghat Town | Balurghat High School | 9932923534 |
| 34 | Darjeeling | Siliguri Town | Siliguri Boy's High School | 8918639742 |
| 35 | Darjeeling | Darjeeling Town | Minority Meeting Hall, Office of the DM Darjeeling | 9609700422 |
| 36 | Jalpaiguri | Jalpaiguri Town | Jalpaiguri Higher Secondary School | 8391935711 |
| 37 | Jalpaiguri | Malbazar | Malbazar Adarsha Vidyapith | 9832086741 |
| 38 | Jalpaiguri | Dhupguri | Bairatiguri High School (Hs) | 8436813588 |
| 39 | Kalimpong | Kalimpong | Jubilee School | 8001377249 |
| 40 | Malda | Malda Town | Malda Bibhutibhusan High School | 7797919580 |
| 41 | Malda | Chanchal | Chanchal Sidheswari Institution | 9679641846 |
| 42 | Nadia | Krishnanagar | Krishnagar AV High School | 9614894091 |
| 43 | Nadia | Kalyani | Kalyani University Experimental High School | 9903740075 |
| 44 | Nadia | Ranaghat | Ranaghat Debnath Girl's High School | 7029321302 |
| 45 | Murshidabad | Jangipur | Jangipur High School | 9002415171 |
| 46 | Murshidabad | Berhampore | Gorabazar Ishwar Chandra Institution | 9433555999 |
| 47 | Kolkata | Jodhpur Park | Jodhpur Park Boy's High School | 6291691563 |
| 48 | Hooghly | Arambag | Sub-Divisional Library, Arambag | 8509749123 |
| 49 | Hooghly | Bandel | Bandel Vidyamandir | 9093254101 |
| 50 | Hooghly | Tarakeshwar | Tarakeswar Girls Primary School | 9732628739 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www.anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in Website - এ পাওয়া যাবে। 25/06/2024 তারিখের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র জমা করতে হবে। অথবা Online এ আবেদন করতে হবে : - www.wbbcdev.gov.in

**Results of 2022 & 2023**

Total rankers: 2063 out of 2880 candidates taken on board IIT-9, IIIT-5, NIT-14, MBBS / BDS-34, Jadavpur University-31

প্রশিক্ষণ রূপায়ণে ncsm | Head Office: Beliaghata, Kolkata - 700105 www.ncsm.co.in | Helpline:- 9903740075 / 91239 06966

## স্কুল সার্ভিসের

■ *মাদ্রাসা সার্ভিস কমিশনের গ্রুপ-ডি পদের ২০১০ সালের পরীক্ষার ফল কবে বেরোবে? — জাকির হোসেন, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ মাদ্রাসা সার্ভিস কমিশনের ২০১০ সালের গ্রুপ-ডি পদের জন্য প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হয়ে মেনস পরীক্ষা হয়েছিল। ১৪ বছর পেরিয়ে গেলেও এখনো ফল বেরোয়নি। সম্প্রতি কলকাতা হাই কোর্ট নির্দেশ দিয়েছে, আগামী ৩ মাসের মধ্যে এই পরীক্ষার ফল প্রকাশ করে নিয়োগের কাজ শুরু করতে হবে।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার যোগ্যতা ও নিয়োগ পদ্ধতি জানাবেন। বিজ্ঞপ্তি কবে বেরোবে? — স্বপন ভৌমিক, স্বরূপনগর, মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২০ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। মূল মাইনে : ৩২,১০০-৮২,৯০০ টাকা। পশ্চিমবঙ্গ পুলিশের 'সাব-ইন্সপেক্টর (আন-আর্মড)' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৭ সেমি, ওজন অন্তত ৫৬ আর বুকের ছাতি না-ফুলিয়ে ৭৪ ও ৫ সেমি প্রসারণক্ষম হতে হবে। পশ্চিমবঙ্গ পুলিশের 'সাব-ইন্সপেক্টর (আর্মড)' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭৩ সেমি, ওজন অন্তত ৬০ কেজি আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ ও ৫ সেমি প্রসারণক্ষম হতে হবে।

পশ্চিমবঙ্গ পুলিশের 'লেডি সাব-ইন্সপেক্টর (আন-আর্মড)' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি, ওজন অন্তত ৪৮ কেজি।

প্রার্থী বাছাই হয় ৪টি ধাপে। প্রথমে হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা। তাতে সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। এরপর হবে ফাইনাল লিখিত পরীক্ষা। সবশেষে হবে ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল স্টাডিজ-১০০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) অ্যারিথমেটিক - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজিতে। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ছেলেদের বেলায় থাকবে ৩ মিনিটে ৮০০ মিটার দৌড় আর মেয়েদের বেলায় ২ মিনিটে ৪০০ মিটার দৌড়। এরপর ফাইনাল লিখিত পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন। ২০০ নম্বরের এই ৩টি পেপার থাকবে : (১) জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক - ১০০ নম্বর (জেনারেল স্টাডিজ ৫০ নম্বর, লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং -২৫ নম্বর, অ্যারিথমেটিক -২৫ নম্বর)। সময় ২ ঘন্টা। (২) ইংরিজি -৫০ নম্বর। সময় ১ ঘন্টা। (৩) বাংলা - ৫০ নম্বর। সময় ১ ঘন্টা। জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক পেপারের প্রশ্ন হবে বাংলা, ইংরিজি ভাষায়। সফল হলে ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| পশ্চিমবঙ্গ পুলিশে রাইফেলম্যান | মাধ্যমিক পাশ | ৪০০ | - | www.policewb.gov.in |
| ইঞ্জিনিয়ারিং পড়িয়ে আর্মিতে চাকরি | উচ্চমাধ্যমিক, | ৯০ | ১৩-৬-২৪ | www.joinindianarmy.nic.in |
| সেনাবাহিনীতে নার্সিং কোর্স পড়িয়ে চাকরি | উচ্চমাধ্যমিক, | ২২০ | - | www.joinindianarmy.nic.in |
| ইছাপুর স্টিল ফ্যাক্টরিতে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা, ডিগ্রি | ১৫ | ১৩-৬-২৪ | https://nats.education.gov.in |
| বি.এস.এফ.-এ নার্স, টেকনিশিয়ান, অ্যাসিস্ট্যান্ট | আই.টি.আই., উচ্চমাধ্যমিক | ১৪১ | ১৭-৬-২৪ | https.rectt.bsf.gov.in |
| বি.এস.এফ.-এ সাব-ইন্সপেক্টর হেড কনস্টেবল, কনস্টেবল | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | ১৬২ | ৩০-৬-২৪ | https://rectt.bsf.gov.in |
| বিমানবাহিনীতে অফিসার | গ্র্যাজুয়েট | ৩০৪ | ২৮-৬-২৪ | https://careerindianairforce.cdac.in |
| বাঁকুড়া জেলা আদালতে ক্লার্ক ও গ্রুপ -ডি | এইট, মাধ্যমিক, গ্র্যাজুয়েট | ৯৯ | ২৪-৬-২৪ | www.bankura.dcourts.gov.in |
| বিমানবাহিনীতে অগ্নিবীরবায়ু | উচ্চমাধ্যমিক | - | ২৮-৭-২৪ | https://agnipathvayu.cdac.in |
| দামোদর ভ্যালি কর্পোরেশনে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা ইঞ্জিনিয়ার | ৬৪ | ৪-৭-২৪ | www.dvc.gov.in |
| সেন্ট্রাল ব্যাঙ্কে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ৩,০০০ | ১৭-৬-২৪ | www.nats.education.gov.in |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৫৮ | ২৫-৬-২৪ | www.npcilcareers.co.in |
| স্টেট ব্যাঙ্কে ফিনান্স অফিসার | গ্র্যাজুয়েট | ১৫০ | ২৫-৬-২৪ | https://bank.sbi/careers |
| সরকারি প্যারামেডিক্যাল কোর্সে ভরতি | উচ্চমাধ্যমিক | - | ১৮-৭-২৪ | www.smfwb.in |
| ব্যাঙ্ক নোট প্রেসে প্রসেস অ্যাসিস্ট্যান্ট | মাধ্যমিক, আই.টি.আই. | ৩৯ | ৩০-৬-২৪ | www.bnpmindia.com |
| গ্রামীণ ব্যাঙ্কে অফিস অ্যাসিস্ট্যান্ট, অফিসার | গ্র্যাজুয়েট | ৯,৯৯৫ | ২৭-৬-২৪ | www.ibps.in |

## সেনাবাহিনীর

■ *সেনাবাহিনীতে সোলজার ক্লার্ক পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? বয়স কত থাকতে হবে? কলকাতায় র‍্যালি কবে হবে? — বিকাশ দত্ত, মালঞ্চ, মুর্শিদাবাদ।*

■■ আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি। কলকাতায় র‍্যালি হওয়ার তারিখ এখনো ঠিক হয়নি।

## রেলে চাকরির

■ *রেলের আর.পি.এফ.'এর কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদে ও.বি.সি. ক্যাটেগরি হিসাবে দরখাস্ত করেছি। সম্প্রতি আদালত রায় দিয়েছে ২০১০ সালের সব ও.বি.সি. সার্টিফিকেট অবৈধ। তাহলে আমার কি দরখাস্ত বাতিল হবে? — রতন দাস, গোপালনগর, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ ও.বি.সি. সার্টিফিকেট অবৈধ হওয়ায়, যাঁরা ও.বি.সি. ক্যাটেগরিতে দরখাস্ত করেছে, তাঁরা জেনারেল ক্যাটেগরির প্রার্থী হিসাবে বিবেচিত হবেন।

■ *রেলের গ্রুপ-ডি পদের জন্য আই.টি.আই. পাশ কি বাধ্যতামূলক? — স্বপন বিশ্বাস, হুগলি।*

■■ না, মাধ্যমিক পাশ হলেই পরীক্ষা দিতে পারবেন।

## অন্যান্য চাকরির

■ *২০১০ সালের পর সব ও.বি.সি. সার্টিফিকেট বাতিল করেছে আদালত। তাহলে এখন কি ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে না? — মনোজ দত্ত, ফুলেশ্বর, নদিয়া।*

■■ আদালতের রায়ে ২০১০ সালের পর দেওয়া কোনো ও.বি.সি. সার্টিফিকেট বৈধ নয়। তাই রাজ্য সরকার এই মুহূর্তে ও.বি.সি. ক্যাটেগরির সংরক্ষণ ব্যবস্থা বিজ্ঞপ্তিতে উল্লেখ করতে পারবে না। খুব শিগগিরই এই মামলার পরবর্তী শুনানি হবে।

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## কোর্স ও ট্রেনিং

■ *নার্সিং কোর্স পাশ করেই কি রাজ্য ও কেন্দ্রীয় সরকারে নিশ্চিত চাকরি পাওয়া যায়? — দীপাঞ্জনা ব্যানার্জী, রামপুরহাট, বীরভূম। দীপা বিশ্বাস, জাগুলিয়া, নদিয়া।*

■■ নার্সিং কোর্স পাশ করলে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকে। তবে আগে নার্সিং কোর্স পাশ করলেই সরাসরি ইন্টারভিউ দিয়ে চাকরি পাওয়া যেত। এখন প্রতি বছর রাজ্য ও রাজ্যের বাইরে থেকে হাজার হাজার প্রার্থী নার্সিং কোর্স পাশ করে থাকে। তাই এখন নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই হয় লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে এটা নিশ্চিতভাবে বলা যায়, নার্সিং কোর্স পাশ করে সরকারি বা, বেসরকারি যে কোনো সংস্থায় নিশ্চিত চাকরি পাওয়া যায়।

## পি.এস.সি.'র

■ *কৃষি প্রযুক্তি সহায়ক পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? এই পদের বিজ্ঞপ্তি কবে রেরোবে? — প্রীতি দাস, হাওড়া। বিকাশ দাস, বেথুয়াডহরী, নদিয়া।*

■■ উচ্চমাধ্যমিক পাশরা ১৮ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। প্রার্থী বাছাই করে 'পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন'। প্রথম পার্টে ৭০ নম্বরের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এইসব বিষয়ে : (১) ইংরিজি - ৩০ নম্বর, (২) জেনারেল স্টাডিজ - ২০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ২০ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। দ্বিতীয় পার্টে ৩০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) গ্রুপ-এ - ইংলিশ - ১৫ নম্বর, (২) গ্রুপ-বি - বাংলা / হিন্দি / উর্দু / নেপালী - ১৫ নম্বর। সময় ১ ঘন্টা। এবছর এই পদে লোক নিয়োগ হবে।

■ *আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের জন্য শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। এই পরীক্ষার বিজ্ঞপ্তি কি প্রতি বছরই বেরোয়? এবছর কি বিজ্ঞপ্তি বেরোবে? — প্রিয়া দত্ত, হুগলি। তাপসী বিশ্বাস, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের বিজ্ঞপ্তি এবছর বেরোনোর সম্ভাবনা আছে। প্রায় ১৩ হাজার শূন্যপদের জন্য বিজ্ঞপ্তি বেরোতে চলেছে। গ্র্যাজুয়েট তরুণীরা ৩৯ বছরের মধ্যে বয়স হলে যোগ্য। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। এজন্য প্রথমে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে, তারপর লিখিত পরীক্ষা হবে। তারপর ইন্টারভিউ হবে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা হবে। এই পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে ৪০০ নম্বরের মেন পরীক্ষা। তারপর ৫০ নম্বরের ইন্টারভিউ। প্রিলিমিনারি পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ, (খ) অ্যারিথমেটিক, (গ) টেস্ট অফ রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। মেন পরীক্ষায় ৪০০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের এই ৪টি পেপার থাকবে : (ক) ইংরিজি - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (খ) বাংলা - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (গ) জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (ঘ) অ্যারিথমেটিক - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট।

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-I পদের (RRB-XIII) প্রিলি. পরীক্ষা | ৩, ৪, ১০, ১৭ ও ১৮ আগস্ট | www.ibps.in |
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিসার স্কেল-II ও III (RRB-XIII) পরীক্ষা | ২৯ সেপ্টেম্বর | www.ibps.in |
| নার্সিং (ANM & GNM) কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা | ১৪ জুলাই | www.wbjeeb.in |
| UPSC-এর সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| UPSC-এর ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| C-TET-এর পরীক্ষা | ৭ জুলাই | www.ctet.nic.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | আগস্টে | www.wbpsc.gov.in |
| PSC-এর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা-২০২৩ | ২৮ জুলাই | www.wbpsc.gov.in |
| SSC-ফেজ XII পরীক্ষা | ২০-২৬ জুন | www.ssc.nic.in |
| SSC-CHSL-পরীক্ষা | ১-১১ জুলাই | www.ssc.nic.in |

এবছর মাধ্যমিক / H.S. দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে বছর কয়েকের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

## ১৯ ও ২০ জুন (বুধ ও বৃহস্পতিবার)

স্থান: দ্য ফেম হোটেল, বহরমপুর (বহরমপুর স্টেশনের পাশে শিল্পতালুকে)

থাকবে দেশ ও রাজ্যের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আইটিআই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচারাল আর অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ, চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল

স্পট অ্যাডমিশনে পাবেন বিশেষ ছাড়

উপস্থাপনায় :

কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

আকর্ষণীয় গিফট

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Title Sponsor :

PRAGATI

SKILL DEVELOPMENT TRAINING PROVIDER

Co-sponsor :

KALYANI Reliable

MEDICAL | IIT-JEE | FOUNDATION | CUET

Educational Institute

In Gracious Presence

JIS GROUP, FDDI, SMIT Sikkim Manipal University, RICE EDUCATION, moople Institute of Animation and Design, CHITKARA UNIVERSITY, TIEM Hotel and Hospitality Management College, College of Engineering & Management Kolaghat, BU Institute of Engineering Bankura 722146, VLCC School of Beauty, KOSHYS Group of Institutions, CAMELLIA A Trusted Name, Institute of Management Study Kolkata, JBS, JETTWINGS Business School, ADSN, MONAPCH, AMBITION EDUCARE, Infinity The Leader in Education, WAY 2 ADMISSION, SIHM Tripura, ICHM, Indian Institute Of Human Excellence, KAFE Institutions, SEACOM Skills University, BCARE INSTITUTE of Management & Technology, NNUMERO UNO India's Best BPO Institute

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

## সাপ্তাহিক ঘটনাপ্রবাহ একনজরে

গত সপ্তাহের পর

**১৩ এপ্রিল :** এবছর মর্যাদাপূর্ণ 'জন ডার্কস গার্ডনার গ্লোবাল হেলথ পুরস্কার' পেলেন ভারতীয় গবেষক ড.গগনদীপ কঙ্গ। বিশ্ব স্বাস্থ্য গবেষণায় অসামান্য কৃতিত্বের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। কানাডার 'গার্ডনার ফাউন্ডেশন'এর তরফ থেকে এই পুরস্কার দেওয়া হয়। শিশুদের অন্ত্রের রোগের ওপর গবেষণা করছেন গগনদীপ। তাঁর গবেষণা বিশ্বব্যাপী টিকা উন্নয়ন ও স্বাস্থ্য নীতিকে প্রভাবিত করেছে।

❑ 'হার্ভার্ড বিশ্ববিদ্যালয়'এর তরফ থেকে, মর্যাদাপূর্ণ 'বর্ষসেরা দক্ষিণ এশিয়ান ব্যক্তিত্ব'এর শিরোপা পেলেন ক্যালিফোর্নিয়ায় জন্মগ্রহণকারী ভারতীয়-মার্কিনি অভিনেত্রী অবন্তিকা ভান্দানাপু। শিল্পকলায় অসামান্য অবদান ও বৈশ্বিক মিডিয়ায় দক্ষিণ এশীয় প্রতিনিধিত্ব প্রচারে তাঁর ভূমিকার স্বীকৃতিই হল এই পুরস্কার। মাত্র ১৯ বছর বয়সেই বিনোদন শিল্পে উল্লেখযোগ্য প্রভাব ফেলেছেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, মিউজিক্যাল কমেডি 'মিন গার্লস'এ কারেন শেঠির ভূমিকায় অভিনয়ের জন্য পরিচিত অবন্তিকা।

❑ প্রথম ভারতীয় পর্যটক হিসাবে মহাকাশে যাওয়ার সুযোগ অর্জন করলেন বিমানচালক তথা উদ্যোক্তা গোপীচাঁদ থোটাকুরা। তিনিই প্রথম ভারতীয়, যিনি মহাকাশে যান ছুটি কাটাতে। আন্ধ্রা প্রদেশের বিজয়ওয়াড়ায় জন্ম হওয়া গোপীচাঁদ এখন আটলান্টার বাসিন্দা। মার্কিন যুক্তরাষ্ট্রের বেসরকারি মহাকাশ সংস্থা 'ব্লু অরিজিন'এর 'নিউ শেপার্ড-২৫' অভিযানের অংশ হিসাবে পর্যটক হয়ে মহাকাশে যান তিনি। গোপীচাঁদ ছাড়াও, তাঁর সহযাত্রী হিসাবে মহাকাশে যান আরও ৫ জন মহাকাশচারীও। নিউ শেপার্ড প্রোগ্রামের মাধ্যমে পৃথিবী ও মহাকাশের মধ্যে থাকা বাউন্ডারি লাইন বা, 'কারমান লাইন' পেরিয়ে মহাকাশে পৌঁছে যান তাঁরা। মহাশূন্যে কিছু সময় কাটিয়ে আবার ফিরে আসেন পৃথিবীতে।

❑ বিশ্বের তৃতীয় ব্যাটার হিসাবে, আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ক্রিকেটে এক ওভারে ৬ ছক্কা হাঁকানোর নজির গড়লেন নেপালের ব্যাটার দীপেন্দ্র সিং আইরি। এদিন, এসিসি 'মেন্স প্রিমিয়র কাপ'এ এই নজির গড়েছেন তিনি। আল আমিরাতে, গ্রুপ-'এ'র ম্যাচে মুখোমুখি হয়েছিল কাতার ও নেপাল। টুর্নামেন্টের সপ্তম ম্যাচে এই নজির গড়েছেন দীপেন্দ্র। মিডিয়াম পেসার কামরান খানের ৬ বলে ৬ ছক্কা হাঁকিয়ে ২১ বলে ৬৪ রানে অপরাজিত থাকেন দীপেন্দ্র। ইনিংসে তাঁর স্ট্রাইক রেট ছিল ৩০৪.৭৬। এর আগে, আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ম্যাচে যুবরাজ সিং ও কায়রন পোলার্ড এক ওভারে ৬টি ছক্কা হাঁকানোর কৃতিত্ব গড়েছিলেন। ২০০৭ সালে টোয়েন্টি-২০ বিশ্বকাপে ইংল্যান্ডের স্টুয়ার্ট ব্রডের বলে যুবরাজ সিং ওভারের প্রতিটি বলে ওভার বাউন্ডারি হাঁকিয়েছিলেন। এরপর ২০১১ সালে ক্যারিবিয়ান তারকা কায়রন পোলার্ড, শ্রীলঙ্কার আকিলা ধনঞ্জয়ের ওভারে ৬টি ওভার বাউন্ডারি মেরেছিলেন।

**১৪ এপ্রিল :** কুয়েতের নতুন প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হলেন শেখ আহমেদ আবদুল্লাহ আল-আহমেদ আল-সাবাহ।

❑ বিশ্বের প্রথম দেশ হিসাবে, মেনিনজাইটিসের জন্য টিকা 'Men5CV' আনল নাইজেরিয়া, যা মেনিঙ্গোকোক্কাল ব্যাকটিরিয়ার ৫টি স্ট্রেন থেকে রক্ষা করবে। এই টিকাটি ৯ মাস থেকে ৮৫ বছর বয়সি মানুষের মধ্যে নেইসেরিয়া মেনিনজিটিডিস গ্রুপ A, C, Y, W ও X-এর মাধ্যমে সৃষ্ট মেনিঙ্গোকোক্কাল রোগ প্রতিরোধ করতে ব্যবহৃত হয়। দেশটিতে মেনিনজাইটিসের সংখ্যা কমাতে সাহায্য করার জন্য এই টিকাটি তৈরি করা হয়েছে। নাইজেরিয়া হল আফ্রিকার ২৬টি দেশের মধ্যে একটি, যেখানে মেনিনজাইটিসের উচ্চ প্রকোপ রয়েছে। একটি আন্তর্জাতিক, অলাভজনক বিশ্ব স্বাস্থ্য সংস্থা PATH ও 'সেরাম ইনস্টিটিউট অফ ইন্ডিয়া'র ১৩ বছরের অংশীদারিত্বের মাধ্যমে ও যুক্তরাজ্য সরকারের পররাষ্ট্র, কমনওয়েলথ ও উন্নয়ন অফিসের আর্থিক সহায়তায় এই টিকাটি তৈরি করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, মেনিনজাইটিস হল মস্তিষ্ক ও মেরুদণ্ডের চারপাশে অবস্থিত মেমব্রেন বা, ঝিল্লির (মেনিনজেস) প্রদাহ। এটি বিভিন্ন ধরনের ব্যাকটিরিয়া, ভাইরাস, ছত্রাক বা, পরজীবীর কারণে হতে পারে।

❑ টানা ১২ ঘন্টা ধরে একটি ম্যানুয়াল ট্রেডমিলে অবিরাম দৌড়ে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়লেন ওড়িশার রৌরকেলার একজন আল্ট্রা-রানার ৩৪ বছর বয়সি সুমিত সিং। ১২ মার্চ, 'বাসন্তী পাঠাগার প্রাঙ্গণ'এ সকাল ৮টা ১৫ মিনিটে দৌড় শুরু করে রাত ৮টা ২০ মিনিটে দৌড় শেষ করে এই রেকর্ড গড়েন তিনি। এই ১২ ঘন্টার সর্বাধিক দূরত্ব হল ৬৮.০৪ কিলোমিটার (৪২.২৭ মাইল)। এর আগে, ১২ ঘন্টা ও ২৪ ঘন্টা ট্র্যাকে দৌড়েছিলেন সুমিত। এই সময়ে তিনি যথাক্রমে ১০২ কিলোমিটার ও ১৬১ কিলোমিটার দূরত্ব অতিক্রম করেছিলেন।

❑ প্রথম ভারতীয় ক্রিকেটার হিসাবে, টোয়েন্টি-২০ ক্রিকেটে ৫০০টি ছক্কা মারার রেকর্ড গড়লেন রোহিত শর্মা। এদিন, ওয়াংখেড়ে স্টেডিয়ামে ' ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এ মুম্বই ইন্ডিয়ান্সের হয়ে চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে খেলতে নেমে এই নজির গড়লেন তিনি। তবে দল না জিতলেও, এদিন ৬৩ বলে অপরাজিত ১০৫ রানের ইনিংস খেলেন রোহিত। ইনিংসে ছিল ১১টি চার ও ৫টি ছক্কা। আর এর সুবাদেই টোয়েন্টি-২০ ক্রিকেটে ৫০০টি ছক্কা হয়েছে মুম্বইয়ের প্রাক্তন এই অধিনায়কের। এই ম্যাচের আগে রোহিতের ছক্কার সংখ্যা ছিল ৪৯৭। ম্যাচের পরে তা দাঁড়িয়েছে ৫০২। তবে, আন্তর্জাতিক ক্রিকেটে রোহিতের আগে এই কীর্তি গড়েছেন ক্যারিবিয়ান তারকা ক্রিস গেইল (১,০৫৬টি ছক্কা), মুম্বই ইন্ডিয়ান্সের ব্যাটিং কোচ কায়রন পোলার্ড (৮৬০টি ছক্কা), ক্যারিবিয়ান তারকা আন্দ্রে রাসেল (৬৭৮টি ছক্কা) ও নিউজিল্যান্ডের প্রাক্তন ক্রিকেটার কলিন মুনরো (৫৪৮টি ছক্কা)। এদিন এই তালিকায় যোগ হল রোহিত শর্মার নামও।

❑ ডিসকাস থ্রো ইভেন্টে পুরুষদের দীর্ঘতম বিশ্ব রেকর্ড ভাঙলেন লিথুয়ানিয়ার ২১ বছর বয়সি মাইকোলাস আলেকনা। এদিন, মার্কিন যুক্তরাষ্ট্রের রামোনায় 'ওকলাহোমা থ্রোস সিরিজ মিটিং'এ ৭৪.৩৫ মিটার দূরত্বে ডিসকাস থ্রো করেন তিনি। পূর্ব জার্মানির জার্গেন শুল্ট'এর ৭৪.০৮ মিটারের ৩৮ বছরের পুরনো রেকর্ড ভাঙলেন তিনি। ১৯৮৬ সালের ৬ জুন এই রেকর্ড গড়েন তিনি। এতদিন পর্যন্ত এটিই ছিল অ্যাথলেটিক্সে সবথেকে দীর্ঘস্থায়ী রেকর্ড।

**১৫ এপ্রিল :** ডাক দফতরের সচিব হিসাবে নিযুক্ত হলেন বন্দিতা কৌল।

❑ সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী হলেন লরেন্স ওং।



মুম্বই সিটি এফসি'কে ২-১ ব্যবধানে হারিয়ে, আইএসএল লিগ-শিল্ড জিতল মোহনবাগান সুপার জায়ান্ট। প্রতিযোগিতার ১০ বছরের ইতিহাসে এই প্রথম লিগ-শিল্ড জিতল তারা।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# কেন্দ্রীয় মন্ত্রিসভার পুরো তালিকা

**৯ জুন, 'রাষ্ট্রপতি ভবন'এ তৃতীয়বারের জন্য শপথ নেন নরেন্দ্র মোদী। মন্ত্রিসভায় জায়গা পেয়েছেন মোট ৭২ জন। মোদী ছাড়া বাকি ৭১ জনের মধ্যে ৩০ জন পূর্ণমন্ত্রী, ৫ জন স্বাধীন দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী ও ৩৬ জন রাষ্ট্রমন্ত্রী। তাঁরাও এদিন শপথ নেন। একনজরে কেন্দ্রীয় মন্ত্রিসভার পুরো তালিকা।**



### প্রধানমন্ত্রী - নরেন্দ্র মোদী

অন্যান্য দায়িত্ব : কর্মীবর্গ, জনঅভিযোগ, পেনশন, পারমাণবিক শক্তি, মহাকাশ।

### পূর্ণমন্ত্রী

❑ অমিত শাহ : স্বরাষ্ট্রমন্ত্রী।
❑ রাজনাথ সিং : প্রতিরক্ষা মন্ত্রী।
❑ নীতিন জয়রাম গডকড়ি : সড়ক পরিবহণ ও হাইওয়ে মন্ত্রী।
❑ জগৎ প্রকাশ নাড্ডা : স্বাস্থ্যমন্ত্রী আর রাসায়নিক ও সার মন্ত্রী।
❑ নির্মলা সীতারামন : অর্থমন্ত্রী।
❑ এস.জয়শঙ্কর : বিদেশমন্ত্রী।
❑ শিবরাজ সিং চৌহান : কৃষিমন্ত্রী ও গ্রামোন্নয়ন মন্ত্রী।
❑ মনোহর লাল খট্টর : শক্তিমন্ত্রী।
❑ এইচ.ডি.কুমারস্বামী : ভারী শিল্প ও স্টিল দফতরের মন্ত্রী।
❑ পীযূষ গোয়েল : বাণিজ্য ও শিল্প মন্ত্রী।
❑ ধর্মেন্দ্র প্রধান : শিক্ষামন্ত্রী।
❑ জিতন রাম মাঝি : ক্ষুদ্র, ছোট মাঝারি শিল্প দফতরের মন্ত্রী।
❑ রাজীব রঞ্জন সিং ওরফে লালন সিং : পঞ্চায়েতি রাজ, মৎস্য, পশুপালন ও ডেয়ারি মন্ত্রী।
❑ সর্বানন্দ সোনোওয়াল : বন্দর, জাহাজ ও জলপথ মন্ত্রী।
❑ ড.বীরেন্দ্র কুমার : সামাজিক ন্যায় দফতরের মন্ত্রী।
❑ কিঞ্জারাপু রামমোহন নাইডু : অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী।
❑ প্রহ্লাদ যোশী : ক্রেতা সুরক্ষা, খাদ্য ও গণবন্টন মন্ত্রী।
❑ জুয়াল ওরাম : আদিবাসী কল্যাণ মন্ত্রী।
❑ গিরিরাজ সিং : বস্ত্রমন্ত্রী।
❑ অশ্বিনী বৈষ্ণব : রেলমন্ত্রী, তথ্য ও সম্প্রচার, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি।
❑ জ্যোতিরাদিত্য সিন্ধিয়া : যোগাযোগ ও উত্তর-পূর্বের উন্নয়ন দফতরের মন্ত্রী।
❑ গজেন্দ্র সিং শেখাওয়াত : সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী।
❑ অন্নপূর্ণা দেবী : নারী ও শিশু কল্যাণ মন্ত্রী।
❑ কিরেন রিজিজু : সংসদ বিষয়ক ও সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী।
❑ হরদীপ সিং পুরী : পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দফতরের মন্ত্রী।
❑ ড.মনসুখ মান্ডব্য : শ্রম, কর্মসংস্থান, যুব কল্যাণ ও ক্রীড়া মন্ত্রী।
❑ চিরাগ পাসোয়ান : খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রী।
❑ জি.কিষাণ রেড্ডি : কয়লা ও খনি দফতরের মন্ত্রী।
❑ সি.আর.পাতিল : জলশক্তি দফতরের মন্ত্রী।

### স্বাধীন দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী

❑ রাও ইন্দরজিৎ সিং : পরিকল্পনা, স্ট্যাটিস্টিক্স ও সংস্কৃতি মন্ত্রক।
❑ ড.জিতেন্দ্র সিং : বিজ্ঞান ও প্রযুক্তি, আর্থ সায়েন্স পাব্লিক গ্রিভান্স, পেনশন, অ্যাটমিক এনার্জি, স্পেস আর্থ সায়েন্স।
❑ অর্জুন রাম মেঘওয়াল : আইন মন্ত্রক, সংসদ বিষয়ক।
❑ যাদব প্রতাপরাও গণপতরাও : আয়ুষ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ।
❑ জয়ন্ত চৌধুরি : স্কিল ডেভেলপমেন্ট, শিক্ষা।

### রাষ্ট্রমন্ত্রী

❑ জিতিন প্রসাদ : বাণিজ্য ও শিল্প ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি।
❑ শ্রীপদ ইয়েসো নায়েক : শক্তিমন্ত্রক, অচিরাচরিত শক্তি মন্ত্রক।
❑ পঙ্কজ চৌধুরি : অর্থমন্ত্রক।
❑ কৃষাণ পাল : সমবায় দফতর।
❑ রামদাস আঠেওয়ালা : সামাজিক ন্যায়।
❑ রামনাথ ঠাকুর : কৃষি ও কৃষক কল্যাণ।
❑ নিত্যানন্দ রাই : স্বরাষ্ট্রমন্ত্রক।
❑ অনুপ্রিয়া পটেল : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, কেমিক্যাল ও ফার্টিলাইজার।
❑ ভি.সোমান্না : জলশক্তি মন্ত্রক, রেলমন্ত্রক।
❑ ড. চন্দ্রশেখর পেম্মাসানি : গ্রাম উন্নয়ন ও যোগাযোগ।
❑ এস.পি. সিং বাঘেল : মৎস্য, পশুপালন ও ডেয়ারি আর পঞ্চায়েতি রাজ।
❑ সুশ্রী শোভা কারান্ডলাজে : ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প মন্ত্রক আর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক।
❑ কীর্তিবর্ধন সিং : পরিবেশ, বন ও আবহাওয়া পরিবর্তন।
❑ বি.এল.ভার্মা : ক্রেতা সুরক্ষা, খাদ্য ও গণবন্টন।
❑ শান্তনু ঠাকুর : বন্দর, জাহাজ ও জলপথ মন্ত্রক।
❑ সুরেশ গোপী : পেট্রোলিয়াম ও ন্যাচারাল গ্যাস, পর্যটন।
❑ ড. এল.মুরুগান : তথ্য ও সম্প্রচার মন্ত্রক, সংসদীয় বিষয়ক মন্ত্রক।
❑ অজয় টামটা : কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও হাইওয়ে মন্ত্রক।
❑ বন্দি সঞ্জয় কুমার : স্বরাষ্ট্রমন্ত্রক।
❑ কমলেশ পাসোয়ান : গ্রাম উন্নয়ন।
❑ ভগীরথ চৌধুরি : কৃষি ও কৃষক কল্যাণ।
❑ সতীশ চন্দ্র দুবে : কয়লা ও খনি বিষয়ক।
❑ সঞ্জয় শেঠ : প্রতিরক্ষা মন্ত্রক।
❑ রভনীত সিং : খাদ্য প্রক্রিয়াকরণ ও রেলমন্ত্রক।
❑ দুর্গাদাস উইকে : আদিবাসী কল্যাণ মন্ত্রক।
❑ রক্ষা নিখিল খাড়সে : যুব কল্যাণ ও ক্রীড়া।
❑ সুকান্ত মজুমদার : শিক্ষামন্ত্রক ও উত্তর-পূর্ব ভারতের উন্নয়ন বিষয়ক।
❑ সাবিত্রী ঠাকুর : শিশু ও নারী কল্যাণ।
❑ তোখান সাহু : আবাসন।
❑ রাজ ভূষণ চৌধুরি : জলশক্তি।
❑ ভূপতি রাজু শ্রীনিবাস ভার্মা : ভারী শিল্প ও স্টিল।
❑ হর্ষ মলহোত্রা : কর্পোরেট বিষয়ক, সড়ক পরিবহণ ও হাইওয়ে।
❑ নিমুবেন জয়ন্তীভাই বামভানিয়া : ক্রেতা সুরক্ষা, খাদ্য ও গণবন্টন।
❑ মুরলীধর মোহল : সমবায় সিভিল অ্যাভিয়েশন।
❑ জর্জ কুরিয়ান : সংখ্যালঘু বিষয়ক, মৎস্য ও পশুপালন।
❑ পবিত্র মার্গেরিটা : বিদেশ মন্ত্রক ও বস্ত্রমন্ত্রক।

# রাজ্য পুলিশে কনস্টেবল

(A) 12 (B) 16 (C) 18 (D) 20

62. কোনো এক বিক্ষোভে সাধারণ মানুষ আর পুলিশের অনুপাত 9 : 1, গড়ে 3 জন পুলিশ 5 জন বিক্ষোভকারীকে গ্রেপ্তার করে ও যদি 135 জন বিক্ষোভকারীকে গ্রেপ্তার করা হয়, তাহলে ওই বিক্ষোভে কতজন সাধারণ মানুষ ছিলেন?

(A) 405 (B) 665 (C) 1215 (D) 729

63. এক দম্পতির এক পুত্র আর এক কন্যা রয়েছে। পিতার বয়স, পুত্রের বয়সের চারগুণ আর তার কন্যার বয়স, তার মায়ের বয়সের এক-তৃতীয়াংশ। স্ত্রীর বয়স, তার স্বামীর বয়সের চেয়ে 6 বছর কম আর বোনের বয়স তার ভাইয়ের বয়সের চেয়ে 3 বছর বেশি। তাহলে মায়ের বয়স কত?

(A) 42 বছর (B) 48 বছর (C) 54 বছর (D) 63 বছর

64. যদি $2^x = 4^y = 8^z$ হয়, $\left(\frac{1}{2x}+\frac{1}{4y}+\frac{1}{6z}\right) = \frac{24}{7}$ হয়, তবে z এর মান কত?

(A) $\frac{7}{16}$ (B) $\frac{7}{32}$ (C) $\frac{7}{48}$ (D) $\frac{7}{64}$

65. রমেন তার মোট যাত্রাপথের এক-তৃতীয়াংশ অতিক্রম করার পর তার স্কুটার খারাপ হয়ে যায়। তার স্কুটার যাত্রার গৃহীত সময়ের 20 গুণ সময়ে পায়ে হেঁটে সে যাত্রা শেষ করল, তার স্কুটারের আর পায়ে হাঁটার গতির অনুপাত কত?

(A) 4 : 1 (B) 5 : 1 (C) 10 : 1 (D) 20 : 1

66. 24 জন পুরুষ একটি কাজ 16 দিনে শেষ করতে পারে। 32 জন মহিলা একই কাজ 24 দিনে শেষ করতে পারে। 16 জন পুরুষ আর 16 জন মহিলা কাজ শুরু করে আর 12 দিন একসঙ্গে কাজ করে। বাকি কাজ 2 দিনে শেষ করতে আরো কতজন অতিরিক্ত পুরুষ কর্মী নিযুক্ত করতে হবে?

(A) 16 (B) 24 (C) 36 (D) 48

67. স্থির জলে এক ব্যক্তি একটি নদীকে অতিক্রম করতে 4 মিনিট সময় নেয়, প্রবাহিত নদী অতিক্রম করতে 5 মিনিট সময় নেয়। যদি নদীটি 100 মিটার প্রশস্ত হয়, তাহলে নদীর প্রবাহিত জলের বেগ কত?

(A) 10 মিটার/মিনিট (B) 5 মিটার/মিনিট
(C) 20 মিটার/মিনিট (D) 30 মিটার/মিনিট

68. 54 কিমি/ঘণ্টা গতিবেগে যাওয়া একটি ট্রেন 20 সেকেন্ডে একটি প্ল্যাটফর্মকে অতিক্রম করে আর ট্রেনের সঙ্গে একইদিকে 6 কিমি/ঘণ্টা গতিতে হেঁটে যাওয়া এক ব্যক্তিকে 12 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেন আর প্ল্যাটফর্মের দৈর্ঘ্য কত?

(A) 100 মি., 150 মি. (B) 160 মি., 140 মি.
(C) 155 মি., 175 মি. (D) 75 মি., 90 মি.

69. দুধের সঙ্গে কী অনুপাতে জল মিশিয়ে মিশ্রণটি ক্রয়মূল্যে বিক্রি করলে $16\frac{2}{3}\%$ লাভ হয়?

(A) 1 : 6 (B) 2 : 3 (C) 4 : 3 (D) 6 : 1

70. একটি নির্দিষ্ট পরিমাণ টাকা 2 বছরে সুদে-আসলে 1008 টাকা আর $3\frac{1}{2}$ বছরে সুদে-আসলে 1164 টাকা হয়। সুদের হার নির্ণয় করুন।

(A) 9% (B) 13% (C) 7% (D) 11%

71. কোনো নির্দিষ্ট পরিমাণ অর্থ বার্ষিক 20% সুদের হারে 2 বছরে চক্রবৃদ্ধি সুদের পরিমাণ 482 টাকা বেশি হবে যদি সুদ বার্ষিক হারের বদলে ষান্মাসিক হারে ধার্য করা হয়। আসল নির্ণয় করুন।

(A) 10,000 টাকা (B) 20,000 টাকা
(C) 40,000 টাকা (D) 50,000 টাকা

72. একটি লবণ ও জলের দ্রবণ থেকে 30 কেজি জল বাষ্পীভূত হওয়ার পর যেটিতে 15% লবণ ছিল অবশিষ্ট দ্রবণে 20% লবণ থাকল। প্রকৃত দ্রবণের ওজন কত ছিল?

(A) 80 কেজি (B) 90 কেজি (C) 120 কেজি (D) 125 কেজি

73. একটি খাঁটি দুধের পাত্র থেকে 20% বের করে নিয়ে জল দেওয়া হল আর এই প্রক্রিয়াটি তিনবার করা হল। তিনবারের শেষে দুধ হবে —

(A) 40% বিশুদ্ধ (B) 50% বিশুদ্ধ
(C) 51.2% বিশুদ্ধ (D) 58.8% বিশুদ্ধ

74. একটি কোম্পানির আয় প্রতি একবছর অন্তর দ্বিগুণ হয়। যদি প্রারম্ভিক আয় 4 লাখ টাকা হয়ে থাকে তাহলে 5 বছর পর আয় কত হবে?

(A) 1.24 কোটি টাকা (B) 1.28 কোটি টাকা
(C) 2.52 কোটি টাকা (D) 2.56 কোটি টাকা

75. $4^{96}$-কে 6 দিয়ে ভাগ করলে ভাগশেষ কত থাকবে?

(A) 4 (B) 3 (C) 2 (D) 1

76. 'They are working on the project together.' Identify the tense use above sentence.
(A) Present Continuous (B) Simple present (C) Present perfect Continuous (D) Past continuous

77. The singular form of agenda
(A) Agendum (B) Agenda (C) Agendus (D) None of the above

78. Change into indirect speech.
"Turn around," he told her.
(A) She asked turn around. (B) He asked to her to turn around. (C) He told her turn around. (D) He asked hard to turn around.

79. Change into Active Voice
Trespassers Shall be prosecuted .
(A)The authorities may prosecute Trespassers.
(B)The authorities might prosecute Trespassers.
(C) The authorities can prosecute Trespassers.
(D)The authorities shall prosecute Trespassers.

80. A Sacred Cow mean
(A) A Helpful person. (B) A very religious person. (C) A Saintly person. (D) A person never to be criticised.

81. Who is the correct alternative out of the four.
He went........ sea alone.
(A) Into (B) on (C) in (D) to

82. Vociferous mean
(A) Loud (B)Violent (C) Secret (D) True

83. The idiomatic expression of
"To cross one's mind"
(A) To think of something (B) To forget something
(C) To move from one idea to another
(D) To put a thought away from one mind.

84. One whom impossible to satisfy called
(A) Satisfactory (B) satisfiable (C) contented (D) insatiable

85. The hotel was not too expensive,.........
(A) was it? (B) wasn't it? (C) is it? (D) is not it?

## উত্তর

1(A). 2(C). 3(B). 4(D). 5(A). 6(B). 7(A). 8(C). 9(A). 10(B). 11(C). 12(A). 13(A). 14(C). 15(A). 16(D). 17(A). 18(A). 19(B). 20(A). 21(C). 22(C). 23(A). 24(A). 25(C).26(B). 27(B). 28(B). 29(A). 30(B). 31(C). 32(C). 33(B). 34(A). 35(C). 36(C). 37(D). 38(A). 39(C). 40(B). 41(A). 42(A). 43(A). 44(B). 45(D). 46(B). 47(C). 48(C). 49(C). 50(C). 51(B). 52(D). 53(A). 54(B). 55(D). 56(D). 57(C). 58(B). 59(A).60(C). 61(B). 62(D). 63(C). 64(C). 65(C). 66(B). 67(B). 68(B). 69(A). 70(B). 71(B). 72(C). 73(C). 74(B). 75(A). 76(A). 77(A). 78(D). 79(D). 80(D). 81(A). 82(A). 83(A). 84(D). 85(A).

# রেলে ১,১০৪ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

কোন ডিভিশনে ক'টি শূন্যপদ :

**গোরখপুর মেকানিক্যাল ওয়ার্কশপে ৪১১টি।** এর মধ্যে ফিটার ১৪০টি (জেনাঃ ৫৭, তঃজাঃ ২১, তঃউঃজাঃ ১০, ও.বি.সি. ৩৮, ই.ডব্লু.এস. ১৪, প্রাঃসংকঃ ৪, প্রতিবন্ধী ৬)। ওয়েল্ডার ৬২টি (জেনাঃ ২৫, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৭, ই.ডব্লু.এস. ৬, প্রাঃসংকঃ ২, প্রতিবন্ধী ২)। ইলেক্ট্রিশিয়ান ১৭টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ১)। কার্পেন্টার ৮৯টি (জেনাঃ ৩৬, তঃজাঃ ১৩, তঃজাঃ ৭, ও.বি.সি. ২৪, ই.ডব্লু.এস. ৯, প্রাঃসংকঃ ৩, প্রতিবন্ধী ৩)। পেইন্টার ৮৭টি (জেনাঃ ৩৫, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৩, ই.ডব্লু.এস. ৯, প্রাঃসংকঃ ৩, প্রতিবন্ধী ৩)। মেশিনিস্ট ১৬টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ১)।

এক জানালায়
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর কলকাতার জন্য
কর্মসংস্থান, সপ্তাহ ও Appointment & Career News সুখবর-এর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র
বীরভূম ও মুর্শিদাবাদ
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com
পুরুলিয়া ও বাঁকুড়া
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com
উত্তর কলকাতা
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com
সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য যোগাযোগ করুন এই নম্বরে -
9830795430
appointmentnews@gmail.com

**গোরখপুর ক্যান্ট সিগন্যাল ওয়ার্কশপে ৬৩টি।** এর মধ্যে ফিটার ৩১টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ২)। মেশিনিস্ট ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ওয়েল্ডার ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। টার্নার ১৫টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ১)।

**গোরখপুর ক্যান্ট ব্রিজ ওয়ার্কশপে ৩৫টি।** এর মধ্যে ফিটার ২১টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ১)। মেশিনিস্ট ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। ওয়েল্ডার ১১টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**ইজ্জতনগর মেকানিক্যাল ওয়ার্কশপে ১৫১টি।** এর মধ্যে ফিটার ৩৯টি (জেনাঃ ১৬, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৪, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ২)। ওয়েল্ডার ৩০টি (জেনাঃ ১২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ১)। কার্পেন্টার ৩৯টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৪, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ২)। ইলেক্ট্রিশিয়ান ৩২টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৫, তঃজাঃ ২, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ১)। পেইন্টার ১১টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১, প্রাঃসংকঃ ১)।

**ইজ্জতনগর ডিজেল শেডে ৬০টি।** এর মধ্যে ইলেক্ট্রিশিয়ান ৩০টি (জেনাঃ ১২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ১)। মেকানিক ডিজেল ৩০টি (জেনাঃ ১২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ১)।

**ইজ্জতনগর ক্যারেজ অ্যান্ড ওয়াগন ৬৪টি।** ফিটার ৬৪টি (জেনাঃ ২৬, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৭, ই.ডব্লু.এস. ৬, প্রাঃসংকঃ ২, প্রতিবন্ধী ৩)।

**লখনৌ জংশন ক্যারেজ অ্যান্ড ওয়াগন ১৫৫টি।** এর মধ্যে ফিটার ১২০টি (জেনাঃ ৪৯, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ৩২, ই.ডব্লু.এস. ১২, প্রাঃসংকঃ ৪, প্রতিবন্ধী ৫)। ওয়েল্ডার ৬টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। কার্পেন্টার ১১টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ১)। ট্রিমার ৬টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। মেশিনিস্ট ৬টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। পেইন্টার ৬টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**গন্ডা ডিজেল শেড ৯০টি।** এর মধ্যে ওয়েল্ডার ২টি (জেনাঃ)। ইলেক্ট্রিশিয়ান ২০টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ১)। মেকানিক ডিজেল ৫৫টি (জেনাঃ ২৩, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৫, ই.ডব্লু.এস. ৫, প্রাঃসংকঃ ২, প্রতিবন্ধী ২)। ফিটার ১৩টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ১)।

**বারাণসী ক্যারেজ অ্যান্ড ওয়াগন ৭৫টি।** এর মধ্যে ফিটার ৬৬টি (জেনাঃ ২৬, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৮, ই.ডব্লু.এস. ৭, প্রাঃসংকঃ ৩, প্রতিবন্ধী ৩)। ওয়েল্ডার ২টি (জেনাঃ)। কার্পেন্টার ৩টি (জেনাঃ)। পেইন্টার ২টি (জেনাঃ)। ট্রিমার ২টি (জেনাঃ)।

এই পদের বিজ্ঞপ্তি নং : NER/RRC/Act Apprentice/2024-25, Dated 12.06.24.

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই। মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ner.indianrailways.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, ই.ডব্লু.এস. সার্টিফিকেট। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, ই.ডব্লু.এস., প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সাধারণ বিজ্ঞান

১। কোন জ্বালানি পোড়ালে সালফার ডাই অক্সাইড বাতাসে আসে — ডিজেল।

২। কোন রং বেশি দূর থেকে দেখা যায় — লাল।

৩। কোন ধাতু সাধারণ তাপমাত্রায় তরল থাকে — পারদ।

৪। কোন অ্যাসিড সোনা ও রুপোর পরিশোধনে ব্যবহৃত হয় — নাইট্রিক অ্যাসিড।

৫। সূর্যের কেন্দ্র থেকে পৃথিবীর কেন্দ্র পর্যন্ত গড় দূরত্বকে বলা হয় — ১ অ্যাস্ট্রোনমিক্যাল একক।

৬। ৫ মিলিমিটারের থেকে ছোট প্লাস্টিকের ধ্বংসাবশেষের ক্ষুদ্র কণার নাম — মাইক্রো প্লাস্টিক।

৭। 'ন্যান্সি গ্রেস রোমান স্পেস টেলিস্কোপ' কোন মহাকাশ সংস্থার সঙ্গে যুক্ত — নাসা।

৮। 'এয়ার কন্ডিশনার'এর আবিষ্কারক — মার্কিনি ইঞ্জিনিয়ার



উইলিস হ্যাভিল্যান্ড ক্যারিয়ার।

৯। মানবদেহে ভিটামিন 'এ' কোথায় সঞ্চিত থাকে — লিভার।

১০। ছত্রাক বিষয়ক অধ্যয়নকে বলে — মাইকোলজি।

## ইতিহাস

১১। আলিপুর ষড়যন্ত্র মামলায় অরবিন্দ ঘোষকে রক্ষা করেছিলেন — চিত্তরঞ্জন দাশ।

১২। 'ভারতীয় জাতীয় কংগ্রেস'এর প্রথম মুসলিম সভাপতি ছিলেন — বদরুদ্দিন তৈয়বজী।

১৩। কোন আইনের মাধ্যমে ভারতে ধর্মপ্রচারকদের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়েছিল — চার্টার অ্যাক্ট-১৯১৩।

১৪। 'প্যারিস ইন্ডিয়ান সোসাইটি'র প্রতিষ্ঠাতা ছিলেন — ভিকাজী কামা।

১৫। 'নালন্দা বিশ্ববিদ্যালয়' কোন গুপ্ত শাসকের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়েছিল — প্রথম কুমারগুপ্ত।

১৬। কার নেতৃত্বে দক্ষিণ ভারতে জৈন ধর্মের বিস্তার ঘটে — ভদ্রবাহু।

১৭। ভারতে ব্যাঙ্কিং লেনদেনের প্রথম প্রমাণ পাওয়া যায় কোন যুগে — বৈদিক।

১৮। মুদ্রায় কলমা চিত্র বিলুপ্ত করেন — ঔরঙ্গজেব।

১৯। শেরশাহ সুরীর জন্ম নাম ছিল — ফরিদ খান।

২০। কোন কবি 'সুর সুরাওয়ালী' রচনা করেন — সুরদাস।

## ভূগোল

২১। ভারতের বৃহত্তম পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স কোথায় অবস্থিত — গুজরাত।

২২। লাদাখ অঞ্চলে অবস্থিত 'সো মোরিরি' হল একটি — হ্রদ।

২৩। ভূমিকম্প-প্রতিরোধী নির্মাণ 'ধজ্জি দেওয়ারী' সিস্টেম কোথায় অবস্থিত — জম্মু ও কাশ্মীর।

২৪। কাভারত্তি থেকে ভারতীয় মূল ভূখণ্ডের সবথেকে কাছের শহর কোনটি — কোচি।

২৫। 'কানহা জাতীয় উদ্যান' কোন জৈব-ভৌগোলিক এলাকার অন্তর্গত — গ্রীষ্মমণ্ডলীয় শুষ্ক বন।

২৬। 'সবুজ বিপ্লব' প্রধানত কোন ফসলের সঙ্গে জড়িত — গম।

২৭। ভারতের কোন কেন্দ্রশাসিত অঞ্চলের চারটি জেলা রয়েছে, কিন্তু এর কোনো জেলারই অন্যান্য জেলার সঙ্গে একটি সাধারণ সীমানা নেই — পুদুচেরি।

২৮। কোন হিল স্টেশনের নামের অর্থ 'বজ্রপাতের স্থান' — দার্জিলিং।

২৯। 'নন্দী পাহাড়' ভারতের কোন রাজ্যে অবস্থিত — কর্ণাটক।

৩০। কোন অঞ্চল তার কমলালেবুর জন্য জিআই ট্যাগ পেয়েছে — কুর্গ।

## সাম্প্রতিক ঘটনা

৩১। বিশ্বের বৃহত্তম নিউরোমরফিক সিস্টেম 'হালা পয়েন্ট' উন্মোচন করল কোন সংস্থা — ইন্টেল কর্পোরেশন।

৩২। সম্প্রতি খবরে আসা 'তিয়ানটং প্রকল্প'টি কোন দেশের — চিন।

৩৩। ভারতীয় নৌবাহিনীর পরবর্তী প্রধান হিসাবে নিযুক্ত হলেন কে —



দীনেশ কুমার ত্রিপাঠী।

৩৪। নাগাল্যান্ডের কোন জেলার বিভিন্ন জায়গায় আফ্রিকান সোয়াইন জ্বর শনাক্ত করা হয়েছে — কোহিমা।

৩৫। 'বিশ্ব পৃথিবী দিবস' কবে পালিত হয় — ২২ এপ্রিল।

৩৬। জাপানের মর্যাদাপূর্ণ ইঞ্জিনিয়ারিং আকাদেমির তরফ থেকে, আন্তর্জাতিক ফেলো হিসাবে নির্বাচিত হলেন কে — কৌশিক রাজশেখরা।

সঙ্কলক : পলি দেওয়ান

# নার্সিং পাশ করে কেউ বসে থাকে না

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েদের জন্য**

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : সম্প্রতি কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ উন্নয়ণ দফতরের উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েদের ওপর একটি সার্ভে করে জানিয়েছে যে, বেশিরভাগ ছাত্রছাত্রীরাই কেরিয়ার হিসাবে নার্সিং ও প্যারামেডিক্যালের কোর্সকেই একদম ওপরের দিকে রাখছে। কারণ, আগামী ২ বছর এই দু'টি পেশায় কয়েক লক্ষ ট্রেনড ছেলে-মেয়ের প্রয়োজন। রাজ্য নার্সিং কাউন্সিল (WBNC) ও কেন্দ্রীয় নার্সিং কাউন্সিল (INC) অনুমোদিত / অথোরাইজেশন প্রাপ্ত যে ক'টি নার্সিং কলেজের প্লেসমেন্টের নজির ১০০ শতাংশ, তার মধ্যে অন্যতম বালিগঞ্জের অ্যাপেলো কেয়ার ইনস্টিটিউট। যেকোনো নার্সিং প্রতিষ্ঠানের সুনাম হয় মূলত ২টি কারণে প্রথমতঃ- উন্নতমানের ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্র্যাক্টিক্যালের ব্যবস্থা ও দ্বিতীয়তঃ- কোর্স অনুযায়ী প্রতিটি ছেলেমেয়ের সঠিক জায়গায় ঠিকঠাক প্লেসমেন্ট। সম্প্রতি কলেজের অ্যাডমিশন ডিপার্টমেন্ট থেকে বিজ্ঞপ্তি প্রকাশ করে জানানো হয়েছে — এখানে ভরতি শুরু হয়েছে মূলত এই ৩ বিষয়ে :

(১) উচ্চমাধ্যমিক পাশেদের জন্য ৩ বছরের জিএনএম কোর্স (ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল-INC ও রাজ্য নার্সিং কাউন্সিল-WBNC অনুমোদিত), (২) মাধ্যমিক পাশ ছেলেমেয়েদের জন্য ২ বছরের বিএসএস প্র্যাক্টিক্যাল নার্সিং (ভারত সরকার অনুমোদিত) ও (৩) উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীদের জন্য ২ বছরের প্যারামেডিক্যাল কোর্স (ভারত সরকার অনুমোদিত)। চাকরির দিক দিয়ে বর্তমানে এই কোর্সটির চাহিদা ক্রমবর্ধমান, এককথায় — অনেক ক্ষেত্রে ট্রেনিং চলাকালীন চাকরির যোগাযোগ আসতে থাকে। কেন এই প্রতিষ্ঠানটি এখন রাজ্যের মধ্যে অন্যতম সেরা, তার ব্যাখ্যা দিতে গিয়ে সংস্থার ভাইস্-প্রিন্সিপ্যাল জানালেন যে, 'আমাদের প্রতিষ্ঠানে যেকোনো ছেলেমেয়ে একবার ভরতি হলে, তার কেরিয়ার তৈরি করার সম্পূর্ণ দায়িত্ব আমাদের। এছাড়াও আমাদের ৩টি কোর্সই পড়ান সংশ্লিষ্ট ইন্ডাস্ট্রির সেরা প্রফেশনালরা। ফলে ছাত্রছাত্রীদের ট্রেনিং যেমন উচ্চ পর্যায়ের হয় তেমন তাদের গ্রুমিংও হয় ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড।'

এছাড়াও তিনি আরো জানালেন, 'এই প্রতিষ্ঠানের ল্যাবে এমনভাবে যত্ন নিয়ে শেখানো হয়, যাতে এখানকার ছাত্রছাত্রীরা বিভিন্ন হাসপাতাল, ডায়াগনস্টিক সেন্টার, মেডিক্যাল ল্যাব ও নামিদামি নার্সিংহোমে সহজেই চাকরি হয়।' এককথায় — নার্সিং শিখলে চাকরি আছেই, কেউ বসে থাকে না। মাধ্যমিক / উচ্চমাধ্যমিক পাশ করার পর সময় নষ্ট না করে নিশ্চিত চাকরি পেতে দ্রুত ভরতির জন্য যোগাযোগ করুন এই নম্বরে : ৯৮৩১৭ ৮৯৫৩৬, ৯৬৭৪৩ ০৭৯২৮ অথবা সরাসরি আসা যায় এই ঠিকানায় : Apollo Care Institute, ২০/১, বালিগঞ্জ স্টেশন রোড, কলকাতা - ৭০০ ০১৯।


যুব কারিগরি শিক্ষা কেন্দ্র

YOUTH TECHNICAL EDUCATION CENTRE

A National Programme of Information Technology under Youth Technical Education Foundation

Recognized by Govt. of India under Ministry of Corporate Affairs - MSME - Ministry of Labour & Employment

ISO 9001:2015

HEAD OFFICE : Yuva Karigari Bhavan | Dakshindari Road | Ultadanga | Kolkata | 700048

COMPUTER COURSE

DIPLOMA | CERTIFICATE

SOFTWARE | HARDWARE | TALLY | GST | DTP

DATA ENTRY | TEACHERS TRAINING

- Latest Study Materials
- Job Oriented Courses
- Student Certificate Verification
- Student Job - Portal
- Student Details in Website
- Student Placement Assistance
- Student Books | Bag | International Valid Certificate

300+ Courses | 100 + Training Centres

99% Practical Training | Placement Assistance

পশ্চিমবঙ্গের সব পঞ্চায়েত ও পৌরসভা এলাকায় ট্রেনিং সেন্টার খোলার জন্য

CALL 9836 25 03 88

ডিগ্রি নিয়ে ঘরে বসে থাকার দিন শেষ !

নার্সিং

MALE + FEMALE

GNM ● B.Sc Nursing

Our Colleges are affiliated by INC - WBNC - WBUHS

কোর্স শেষে চাকরি পাকা

HELPLINE : 9564 500 100

Confirm your MBBS Seat

Admission Partner of

- ICARE Medical College
- JIS Medical College
- Sanaka Medical College

and many more colleges in India

HELPLINE : 9564 500 100

WANT TO BE A FRANCHISEE OF YTEC & EARN 25-30 LAKH YEARLY ? 9593 50 30 90

কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত SIASTM-এ

# কৃষিবিজ্ঞান কোর্স করার পর অফুরন্ত চাকরির সুযোগ

ভারত-সহ আন্তর্জাতিক বাজারে কৃষি-শিল্প ও সহযোগীক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী পেশাদার তৈরির লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে শুরু হয়েছে কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সুসংহত ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স যা পশ্চিমবঙ্গে প্রথম। দক্ষ ও উদ্যোগী যুবসমাজের সামনে আরো বৃহত্তর কর্মক্ষেত্রে নিজেকে প্রবেশ করানোর সুযোগ করে দেবে এই ৫টি সুসংহত ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স: (১) ডিপ্লোমা ইন ভেটেরিনারি সায়েন্সেস অ্যান্ড অ্যানিমাল হাজবেন্ড্রি। সময়সীমা: ২ বছর সঙ্গে ৬ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ। (২) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট। সময়সীমা: ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ। (৩) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্রপ প্রোডাকশন অ্যান্ড প্ল্যান্ট হেল্‌থ ম্যানেজমেন্ট। সময়সীমা: ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা: যে কোনো শাখার গ্র্যাজুয়েট। (৪) সার্টিফিকেট ইন মাশরুম কাল্টিভেশন অ্যান্ড স্পন প্রোডাকশন। সময়সীমা: ৩ মাস। যোগ্যতা: মাধ্যমিক পাশ।

উল্লেখযোগ্য বিষয়: (১) কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। (২) সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। (৩) বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতে উচ্চপদে চাকরির সুযোগ। (৪) কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা।

ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্বর যোগাযোগ: Susrijo Institute of Agricultural Science, Technology and Management – মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর: WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Vill- Deypara P.O.- Krishnagar, Dist.- Nadia, (Beside Krishnanagar Horticulture Department) Pin- 741101. Ph.: 9832015253, 8250155379, 6290698667. কল্যাণী স্টাডি সেন্টার: B-15/54, Kalyani, P.O & P.S Kalyani, Nadia. Ph.: 9830781967.

Web : www.siastm.org Email : siastm2020@gmail.com

মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত

# D.M.L.T কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি

**নিজস্ব সংবাদদাতা:** এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্সে ভর্তি চলছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশে ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাসে রয়েছে নিজস্ব একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভারতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির অ্যাপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েক হাজার ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) পাশ করা ছাত্র ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুণ বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায়: গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন: 8981611881, 7059918186, ওয়েবসাইট: www.gurukulinstitute.org.in

# সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টর কোর্সে ভর্তি

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেলথ ট্রেনিং নতুন সেশনে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ লোকাল সেলফ গভর্নমেন্ট, মুম্বই অনুমোদিত ও কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে। যে কোনো শাখার উচ্চ মাধ্যমিক বা সমতুল কোর্স পাস ও সেই সঙ্গে কমপিউটারে বেসিক সার্টিফিকেট থাকলে আবেদন করতে পারেন। কেন্দ্রীয় সরকার স্বীকৃত এই কোর্সটি পূর্ব ভারতে একমাত্র এই প্রতিষ্ঠানে পড়ানো হয়। ১ বছরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে থিওরির পাশাপাশি হাতে কলমে প্রাকটিক্যাল ট্রেনিং দেওয়া হবে। সংস্থার প্রিন্সিপ্যাল রাম নারায়ণ মন্ডল জানান, স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পাস করার পর রেল, পুর নিগম, পোর্ট, হাসপাতাল সহ বিভিন্ন স্বাস্থ্য ক্ষেত্রে চাকরি হয়। এ ছাড়াও এখানে স্বাস্থ্য বিষয়ে স্বল্প মেয়াদি বিভিন্ন কোর্স পড়ানো হয়। আগে আসার ভিত্তিতে সুযোগ পাওয়া যাবে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায়: আই আই এইচ টি (IIHT), ২২৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, বৌবাজার, কলকাতা ৭০০০১২। ফোন: ৯৮৩৬৩৯৬৭৩৪/ ৭০০৩২২৪৪২৭/৯০৫১২৬০৯২৪। ওয়েবসাইট: www.iiht.in

## প্রতিরক্ষা কারখানায় ১৪০

১ পাতার পর

আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ: মেকানিক্যাল-১৫টি, ইলেক্ট্রিক্যাল ১৫টি, সিভিল ১৫টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (জেনারেল স্ট্রিম)**: সায়েন্স, কমার্স ও কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ: সায়েন্স শাখায় ২৫টি, কমার্স শাখায় ১০টি, কম্পিউটার অ্যাপ্লিকেশনে ১০টি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা হোল্ডার্স)**: সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ: সিভিল ১০টি, মেকানিক্যাল ৩০টি, ইলেক্ট্রিক্যাল ১০টি।

সব ক্ষেত্রে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের মধ্যে। ১ বছরের ট্রেনিং। এই পদের বিজ্ঞপ্তি নং: 7545/HRDC/GA/TA/2024-25.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে: https:ddpdoo.gov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল আর এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত পৌঁছনো চাই ২০ জুলাইয়ের মধ্যে। এই ঠিকানায়: The Chief General Manger, Ordnance Factory, Chanda, Chandrapur-442501 (MS).






Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com